# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Boishakh 02, 1433 Bangla, April 15, 2026, Wednesday, No. 102, 56th year

# H I G H L I G H T S

Prime Minister Tarique Rahman has formally inaugurated 'Farmers Cards' distribution programme in Tangail saying the aim of his government is to make farmers self-reliant. (Jago FM: 10; BBC: 03)

The Prime Minister has reaffirmed that the July National Charter will be implemented fully.(Jago FM: 11)

Bengali New Year 1433 was celebrated across the country with different colorful programmes. (Jago FM: 16)

Information and Broadcasting Minister Zahir Uddin Swapan has described peaceful celebration of Bangla New Year across the country as a reflection of true environment for practicing democracy. (Jago FM: 11)

Bangladesh's only state-owned oil refinery, Eastern Refinery PLC, has suspended its refining operations due to shortage of crude oil. (Jago FM: 12)

Nine more children have died of measles and measles like symptoms across the country in 24 hours. (BBC: 03)

Seven people have been killed in a road accident on Dhaka-Chittagong highway at Daudkandi in Cumilla. (Jago FM: 12)

BSF has returned two Bangladeshi nationals detained in India on charges of illegal entry at Nageshwari border. (DW: 10)

Iranian President Masoud Pezeshkian has assured that his country is ready to continue peace talks with United States to end the war. (BBC: 08)

Four ships have reportedly passed through Strait of Hormuz amid US blockade, the United States has rejected it. (BBC: 08 & 09)

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**বৈশাখ ০২, বাংলা ১৪৩৩, এপ্রিল ১৫, ২০২৬, বুধবার, নং- ১০২, ৫৬তম বছর**

# শিরোনাম

প্রধানমন্ত্রী তারেক রহমান টাঙ্গাইলে কৃষক কার্ড কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করে বলেছেন, কৃষককে আত্মনির্ভরশীল করে তোলাই তাঁর সরকারের লক্ষ্য । (জাগো এফএম: ১০; বিবিসি: ০৩)

জুলাই সনদের প্রত্যেকটি অক্ষরই বাস্তবায়ন করা হবে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী । (জাগো এফএম: ১১)

‘বৈশাখী শোভাযাত্রা’সহ নানা বর্ণিল আয়োজনের মধ্য দিয়ে জাতি বরণ করে নিয়েছে বাংলা নববর্ষ ১৪৩৩ কে। (জাগো এফএম: ১৬)

সারাদেশে শান্তিপূর্ণ ও উৎসবমুখর পরিবেশে বাংলা নববর্ষ উদযাপিত হওয়াকে দেশে গণতন্ত্র চর্চার এক প্রকৃত পরিবেশের প্রতিফলন হিসেবে মন্তব্য করেছেন তথ্য ও সম্প্রচার মন্ত্রী জহির উদ্দিন স্বপন। (জাগো এফএম: ১১)

অপরিশোধিত তেল সংকটে বন্ধ হয়ে গেছে দেশের একমাত্র রাষ্ট্রীয় পেট্রোলিয়াম জ্বালানি পরিশোধন কেন্দ্র ইস্টার্ন রিফাইনারি পিএলসি। (জাগো এফএম: ১২)

২৪ ঘণ্টায় সারা দেশে হাম ও হামের উপসর্গ নিয়ে আরও ৯ শিশুর মৃত্যু। (বিবিসি: ০৩)

কুমিল্লার দাউদকান্দিতে ঢাকা-চট্টগ্রাম মহাসড়কে এক সড়ক দুর্ঘটনায় সাতজনের প্রাণহানি। (জাগো এফএম: ১২)

কুড়িগ্রামের নাগেশ্বরী সীমান্তে অবৈধ অনুপ্রবেশের অভিযোগে আটক দুই বাংলাদেশি নাগরিককে ফেরত দিয়েছে বিএসএফ। (ডয়েচে ভেলে: ১০)

ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান জানিয়েছেন, তার দেশ যুদ্ধ বন্ধে যুক্তরাষ্ট্রের সঙ্গে শান্তি আলোচনা চালিয়ে যেতে প্রস্তুত। (বিবিসি: ০৮)

যুক্তরাষ্ট্রের অবরোধের মধ্যেই চারটি জাহাজের হরমুজ প্রণালি পার হওয়ার খবর পওয়া গেছে, খবরের সত্যতা অস্বীকার করেছে যুক্তরাষ্ট্র। (বিবিসি: ০৮ ও ০৯)

# বিবিসি

## আম যখন ধরবে, জাম যখন ধরবে, আমি খাবো, আমাকে পাঠাবেন : তারেক রহমান

কৃষকদের মাঝে গাছের চারা বিতরণকালে প্রধানমন্ত্রী তারেক রহমান বলেন, “উপস্থিত ভাই ও বোনেরা, ওনাদের একেকটা করে গাছের চারা দিচ্ছি। কয়েকজনকে জাম গাছ দিয়েছি, আম গাছ দিয়েছি, ওনাদের বলেছি, এগুলো বাসার সামনে রোপণ করতে হবে। ওনাদের আশেপাশে যারা আছে, খেয়াল করবেন। আর যারা আম গাছ পেয়েছে, জাম গাছ পেয়েছে, তাদেরকে আমি বলেছি, আম যখন ধরবে, জাম যখন ধরবে, আমি খাবো, আমাকে পাঠাবেন, আপনারাও খেয়াল রাখবেন।” মঙ্গলবার দুপুরে টাঙ্গাইলে শহিদ মারুফ স্টেডিয়ামে কৃষক কার্ড কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করেন প্রধানমন্ত্রী। তিনি বলেন, “বর্তমান নির্বাচিত সরকারের লক্ষ্যই হচ্ছে, কৃষককে আত্মনির্ভরশীল হিসেবে গড়ে তোলা, কৃষককে সচ্ছল হিসেবে গড়ে তোলা। সেইজন্যই এই কৃষক কার্ড আমরা দিয়েছি।” প্রধানমন্ত্রী জানান, আগামী পাঁচ বছরের মধ্যে সরকার পর্যায়ক্রমে ২ কোটি ৭৫ লক্ষ কৃষকের হাতে কৃষক কার্ড পৌঁছে দেবে। ঢাকা থেকে সড়কপথে প্রধানমন্ত্রী সরাসরি টাঙ্গাইলে শহিদ মারুফ স্টেডিয়াম আসেন। বেলা ১২টা ২২ মিনিটে প্রধানমন্ত্রী কৃষক কার্ড কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করেন। প্রধানমন্ত্রী ল্যাপটপে বাটন চাপ দেওয়ার সাথে সাথে, টাঙ্গাইলসহ সারা দেশে ১১টি উপজেলার ২২ হাজার ৬৭ জন কৃষকের প্রত্যেকের মোবাইলের মাধ্যমে ব্যাংক অ্যাকাউন্টে আড়াই হাজার টাকার নগদ অর্থ চলে যায়। টাঙ্গাইলে ১৪৫৩ জন কৃষক এই অর্থ পান।(বিবিসি ওয়েব পেজ: ১৪.০৪.২০২৬ এলিনা)

## চট্টগ্রামের সাবেক মেয়র মনজুরের বাসার সামনে হাসনাত আব্দুল্লাহর সাথে কী হয়েছিল?

চট্টগ্রাম সিটি করপোরেশনের সাবেক মেয়র মনজুর আলমের বাসায় গিয়েছিলেন এনসিপি নেতা হাসনাত আব্দুল্লাহ। পরে ওই বাসার সামনেই একদল যুবক জড়ো হয়েছিল। তারা নিজেদের জুলাই যোদ্ধা পরিচয় দিয়ে মি. আব্দুল্লাহকে নানা প্রশ্ন করতে দেখা যায়। ওই সময়ের একটি ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমেও ছড়িয়ে পড়ে। সেখানে দেখা যায়, হাসনাত আব্দুল্লাহকে ঘিরে দাঁড়িয়ে আছেন একদল তরুণ ও যুবক। তাদের কাউকে কাউকে বলতে শোনা যায়, সাবেক মেয়র মনজুর ‘আওয়ামী লীগের দোসর’, তার বাসায় হাসনাত কেন এসেছেন, সেটিও জানতে চান তারা। সেখানে ঠিক কী হয়েছিল জানতে মি. আব্দুল্লাহর সাথে যোগাযোগের চেষ্টা করা হলেও, তিনি ফোন ধরেননি। তবে সেখানে ঠিক কী হয়েছিল, সেটি বিবিসি বাংলাকে জানিয়েছেন সাবেক মেয়র মনজুর আলম। তিনি বিবিসি বাংলাকে বলেন, “চট্টগ্রামে হাসনাত আব্দুল্লাহ সাহেবের একটি প্রোগ্রাম ছিল। তিনি চট্টগ্রামে এসে আমাকে ফোন দিয়েছিলেন দুপুরে। বলেছিলেন, তারা বাসায় আসবেন। আমি তাকে দুপুরে খাওয়ার আমন্ত্রণ জানাই। সাবেক এই মেয়র জানান, বিকেল ৩টার দিকে হাসনাত আব্দুল্লাহ তার বাসায় আসেন এবং দুপুরের খাবারও খান। সাবেক মেয়র মি. আলম বলেন, “এর কিছুক্ষণ পরে লোকাল কিছু ছেলেরা বাইরে জড়ো হয়েছিল। পরে হাসনাত আব্দুল্লাহ নিজে গিয়ে তাদের সাথে কথা বলে উনি চলে গেছেন সাড়ে ৫টা-৬টার দিকে।” জড়ো হওয়া ওই ব্যক্তিদের অনেককে মনজুর আলমকে আওয়ামী লীগের দোসর হিসেবে আখ্যা দিতে শোনা যায়। এ নিয়ে প্রশ্ন করা হলে মনজুর আলম বিবিসি বাংলাকে বলেন, আমার নামে তো কোনো মামলাও নাই। আমি আওয়ামী লীগ করিও না। আমি আওয়ামী লীগের দোসর কোথা থেকে হইলাম?” “আমি তো বিএনপির মেয়র ছিলাম। আমি কী আওয়ামী লীগে যোগ দিছিলাম নাকি? আওয়ামী লীগের তো আমি কিছুই ছিলাম না,” যোগ করেন তিনি। সেখানে যারা জড়ো হয়েছিল, তাদের পরিচয় জানতে চাইলে সাবেক এই মেয়র বলেন, “এখানে যারা এসেছিল, সবাই বিএনপির রাজনীতির সাথে জড়িত।” মি. আলম জানান, ২০১৫ সালের নির্বাচনের পর তিনি রাজনীতি থেকে অবসর নিয়েছেন। এখন তিনি সমাজ সেবামূলক কাজের সাথে জড়িত এবং তাদের সবার বাসা আশপাশের এলাকায়। তিনি কী আগামীতে এনসিপির হয়ে মেয়র নির্বাচন করতে চান? এমন প্রশ্নের জবাবে সাবেক এই মেয়র বলেন, “মানুষ এটা নিয়ে কানাঘুষা করতেছে। আমি তো কাউকে বলি নাই, আমি নির্বাচন করবো।” এ নিয়ে আজকে হাসনাত আব্দুল্লাহর সাথে কোনো কথা হয়েছে কী-না জানতে চাইলে তিনি জানান, এ নিয়ে কোনো কথা হয়নি। মি. আলম ২০১০ সালে বিএনপির সমর্থন নিয়ে চট্টগ্রাম সিটি করপোরেশনের মেয়র নির্বাচিত হন। ২০১৫ সাল পর্যন্ত তিনি মেয়র হিসেবে দায়িত্ব পালন করেছিলেন।
(বিবিসি ওয়েব পেজ: ১৪.০৪.২০২৬ রনি)

## হাম ও উপসর্গ নিয়ে গত ২৪ ঘণ্টায় আরও ৯ শিশুর মৃত্যু

গত ২৪ ঘণ্টায় সারা দেশে হাম ও হামের উপসর্গ নিয়ে আরও ৯ শিশুর মৃত্যু হয়েছে। এর মধ্যে ১ জন শিশুর হামে মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছে স্বাস্থ্য অধিদপ্তর। বাকি ৮ শিশু হামের উপসর্গ নিয়ে মারা গেছে। মঙ্গলবার স্বাস্থ্য অধিদপ্তরের সর্বশেষ প্রতিবেদন থেকে এই তথ্য জানানো হয়েছে। এতে বলা হয়েছে, গত ২৪ ঘণ্টায় হাম ও হামের উপসর্গ নিয়ে দেশের বিভিন্ন হাসপাতালে ভর্তি হয়েছে ১ হাজার ১০৫জন শিশু। এর মধ্যে হাম শনাক্ত হয়েছে ১৭৬ জনের। স্বাস্থ্য অধিদপ্তর জানিয়েছে, গত ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত হামে মোট ৩১ শিশুর মৃত্যু হয়েছে। এই সময়ে হামের উপসর্গ নিয়ে মারা গেছে ১৬৪ জন।(বিবিসি ওয়েব পেজ: ১৪.০৪.২০২৬ এলিনা)

মানবাধিকার কমিশনে সংকট, কমিশনারদের খোলা চিঠি

বাংলাদেশের জাতীয় মানবাধিকার কমিশন নিয়ে অন্তর্বর্তী সরকারের সময় জারি করা অধ্যাদেশ জাতীয় সংসদে বাতিল হওয়ার পর, একটি খোলা চিঠি দিয়েছে কমিশন সদস্যরা। ওই চিঠিতে তারা বর্তমান সরকারের বক্তব্যের যৌক্তিকতা নিয়ে প্রশ্ন তুলেছেন। কমিশনের সদস্যরা বলছেন, মানবাধিকার রক্ষায় ২০২৫ সালে যে অধ্যাদেশটি জারি করা হয়েছিল, সেটি অত্যন্ত শক্তিশালী ছিল। তারা আরো শক্তিশালী করার কথা বলে ২০২৫ সালের আইনটি রহিত করে ২০০৯ সালের আইনে ফিরে গেছে। সোমবার ওই খোলা চিঠিটি গণমাধ্যমের কাছে পাঠান কমিশন সদস্যরা। সেখানে তাদের নিজেদের সদ্য বিদায়ি কমিশন সদস্য হিসেবে উল্লেখ করেছেন। এই চিঠিটি প্রকাশ্যে আসার পরই প্রশ্ন উঠেছে, জাতীয় মানবাধিকার কমিশনের সদস্যরা কি তাদের পদ থেকে পদত্যাগ করেছেন কিনা। জবাবে পাঁচ সদস্যের এই কমিশনের সদস্য নূর খান বিবিসি বাংলাকে বলেছেন, যে অধ্যাদেশ অনুযায়ী এই কমিশন নিয়োগ করা হয়েছিল, সংসদে সেটি রহিত হওয়ার সাথে পদে থাকার আর কোনো সুযোগ থাকে না। "এখন পদত্যাগ করেছি, নাকি স্বপদে বহাল আছি, এটা বলার সুযোগ নাই। একটা জটিল জায়গায় আমরা আটকে আছি," যোগ করেন তিনি। জাতীয় মানবাধিকার কমিশনের সচিব কুদরত-এ-ইলাহী বিবিসি বাংলাকে জানিয়েছেন, গত বৃহস্পতিবার আইন পাস হওয়ার পর পাঁচ সদস্যের ওই কমিশন আর অফিস করেননি। যে কারণে অফিসের রুটিন কাজের বাইরে অন্য কোনো কাজ তারা করছেন না। অন্তবর্তীকালীন সরকারের সময় ২০২৫ সালের অক্টোবরে জাতীয় মানবাধিকার কমিশন অধ্যাদেশ জারির পর গত ৫ ফেব্রুয়ারি নতুন কমিশন নিয়োগ করা হয়।

'একটা জটিল জায়গায় আটকে আছি'

জাতীয় মানবাধিকার কমিশন তৈরির উদ্যোগ প্রথম নেওয়া হয়েছিল ২০০৭ সালে তত্ত্বাবধায়ক সরকারের সময়ে। পরের বছরের সেপ্টেম্বরে একটি অধ্যাদেশ জারি করে কমিশন গঠন করা হয়। পরবর্তীতে, আওয়ামী লীগ সরকার ক্ষমতায় আসার পরে ওই অধ্যাদেশটি বিলুপ্ত করে ২০০৯ সালের জুলাই মাসে আরেকটি আইন করে কমিশন গঠন করা হয়। জুলাই অভ্যুত্থানের পর গঠিত অন্তর্বর্তী সরকার মানবাধিকার কমিশনকে শক্তিশালী করতে সেই আইনটি রহিত করে, নতুন অধ্যাদেশ জারি করে ২০২৫ সালে। ২০০৯ সালের যে আইনটি ছিল, সেই আইন অনুযায়ী, একজন সার্বক্ষণিক চেয়ারম্যান ও একজন সার্বক্ষণিক সদস্য ছাড়া বাকি সদস্যরা ছিলেন অবৈতনিক। কিন্তু ২০২৫ সালে নতুন অধ্যাদেশ অনুযায়ী, একজন চেয়ারম্যান/চেয়ারপার্সন এবং চারজন সদস্য নিয়োগের বিধান রাখা হয়। যাদের সবাই পূর্ণকালীন বা সার্বক্ষণিক সদস্য হিসেবে নিয়োগ করা হয়েছিল। জাতীয় মানবাধিকার কমিশনের সচিব কুদরত-এ-ইলাহী বিবিসি বাংলাকে জানান, নতুন বিধান অনুযায়ী একজন চেয়ারম্যান যার পদমর্যাদা আপিল বিভাগের বিচারপতির সমান। কমিশন সদস্যদের সবাই হাইকোর্টের বিচারপতি পদমর্যাদার। ওই অধ্যাদেশ বলেই গত ফেব্রুয়ারিতে বাংলাদেশের জাতীয় নির্বাচনের মাত্র সাতদিন আগে কমিশনের পাঁচ সদস্যকে নিয়োগ দেয় অন্তর্বর্তী সরকার।

জাতীয় নির্বাচনে বিএনপি সরকার গঠনের পর গত মার্চে শুরু হয় জাতীয় সংসদের প্রথম অধিবেশন। নিয়ম অনুযায়ী, প্রথম অধিবেশনের ৩০ দিনের মধ্যে বিগত সরকারের আমলে জারি করা অধ্যাদেশগুলো বিল আকারে পাস করা না হলে সেগুলোর কার্যকারিতা হারায়। গত বৃহস্পতিবার অন্তর্বর্তী সরকারের আমলে করা এই জাতীয় মানবাধিকার কমিশন অধ্যাদেশ-২০২৫ বিরোধী দলের আপত্তির মধ্যেই নাকচ হয়ে যায়। কণ্ঠভোটে এই বিলটি রহিত হওয়ার পরই আওয়ামী লীগ সরকারের আমলে ২০০৯ সালে করা 'জাতীয় মানবাধিকার কমিশন আইন-২০০৯' বিলটি পুনঃপ্রচলন করা হয়। মূলত, ২০২৫ সালের অধ্যাদেশ রহিত করে ২০০৯ সালের আইনটি ফিরিয়ে আনার পরই নতুন মানবাধিকার কমিশন নিয়ে সংকট তৈরি হয়েছে। কমিশন সচিব মি. ইলাহী বিবিসি বাংলাকে জানান, নতুন অধ্যাদেশ রহিত হয়ে ২০০৯ সালের পুরোনো অধ্যাদেশ ফেরত আসার সিদ্ধান্তের পর, গত বৃহস্পতিবারের পর আর অফিসেই আসেননি চেয়ারপার্সন ও কমিশন সদস্যরা। কমিশন সদস্য নূর খান বিবিসি বাংলাকে বলেন, "যে মুহূর্তে বিলটা রহিত করা হয়েছে, সেই মুহূর্ত থেকে এই পদে বহাল থাকার আর কোনো সুযোগ নাই। আমরা একটা জটিল জায়গায় আটকে গেছি।" কেন পরিস্থিতিটা জটিল, সেটির একটি ব্যাখ্যাও পাওয়া গেছে কমিশনের আরেক সদস্য নাবিলা ইদ্রিসের বক্তব্যে। মিজ ইদ্রিস বিবিসি বাংলাকে বলেন, যে অধ্যাদেশ বলে আমাদের নিয়োগ হয়েছে, সেই অধ্যাদেশটি আর নেই। শুধু নেই না, সেখানে নতুন করে ২০০৯ সালের আইন পাস করা হয়েছে। ২০০৯ সালের আইনে একজন চেয়ারম্যান ও একজন সার্বক্ষণিক সদস্য। সুতরাং আমাদের তো নতুন করে পদত্যাগের কিছু নেই। আগের অধ্যাদেশ রহিত হওয়ায় আমাদের নিয়োগই বাতিল হয়ে গেছে।"

যা বলছে 'সদ্য বিদা**য়ি**' কমিশন

এমন পরিস্থিতিতে কমিশন সদস্যরা সোমবার একটি খোলা চিঠি গণমাধ্যমের কাছে পাঠিয়েছেন। ওই চিঠিতে কমিশন সদস্যরা নিজেদের সদ্য বিদায়ি জাতীয় মানবাধিকার কমিশনের কমিশনার বলে উল্লেখ করেন। সেখানে বলা হয়, "সংশ্লিষ্ট অধ্যাদেশগুলো সংসদে পাস না হওয়ায়, ভুক্তভোগীরা আমাদের বারবার প্রশ্ন করছেন, এখন আমাদের কী হবে? তাদের প্রতি দায়বদ্ধতা থেকেই এই খোলাচিঠি।" এতে উল্লেখ হয়, 'কোনো প্রাতিষ্ঠানিক বা ব্যক্তিস্বার্থে নয়, ভুক্তভোগীদের প্রতি কর্তব্যবোধ থেকে আজ আমরা কলম হাতে নিয়েছি।' চিঠিতে 'সংসদে উপস্থাপিত ভুল তথ্যের জবাব', 'অধ্যাদেশগুলোর বিরুদ্ধে সরকারের প্রকৃত আপত্তিসমূহ' এবং 'ভবিষ্যৎ আইনের গুণগত মান বিচারের প্রস্তাবনা'

এমন আলাদা আলাদা শিরোনামে নিজেদের অবস্থান এবং অধ্যাদেশ বাতিল হওয়ার বিষয়ে নিজেদের মতামত তুলে ধরেন বিদায়ি কমিশনাররা। কমিশন সদস্য নাবিলা ইদ্রিস বিবিসি বাংলাকে বলেন, “আগের আইন (২০০৯) অনুযায়ী, রাষ্ট্রীয় বাহিনীর বিরুদ্ধে অভিযোগ আসলে সেটা সরাসরি তদন্তের অনুমতিই ছিল না। ২০২৫ সালে যে আইনটা করা হলো, সেখানে এই বিষয়ের সুরাহা দেওয়া হয়েছিল। যে-কোনো গুম, খুন, মানবতাবিরোধী অপরাধের তদন্ত করা যেতো। এই আইনটি বেশ শক্তিশালী ছিল।” এই বিলটি রহিত হওয়া ও ২০০৯ সালের পুরাতন আইন ফিরিয়ে আনা নিয়ে বিরোধী দল সংসদে আপত্তি জানানোর পর, ওইদিন বাংলাদেশের আইনমন্ত্রী মো. আসাদুজ্জামান বলেন, এই অধ্যাদেশে দুর্বলতা রয়েছে। অংশীজনের সঙ্গে পরামর্শ করে এবং আরও যাচাই-বাছাইয়ের মাধ্যমে পরে নতুন করে আইন করা হবে। এর মধ্যবর্তী সময়ে বাংলাদেশ যাতে মানবাধিকার কমিশন শূন্য না হয়, সে জন্য ২০০৯ সালের আইন পুনঃ-প্রচলন করা হচ্ছে।

এর ব্যাখ্যায় নতুন কমিশন বলছে, সরকার যদি সত্যিই চাইতো আইনটিকে আরো শক্তিশালী করতে, তাহলে তারা এই বিলটি পাস করিয়ে তারপর সংশোধন করে আরো শক্তিশালী করতো। কমিশন সদস্যদের খোলা চিঠি ও পদ শূন্য হওয়ার বিষয়গুলো নিয়ে বিবিসি বাংলার পক্ষ থেকে আইনমন্ত্রী, স্বরাষ্ট্রমন্ত্রী ও জাতীয় সংসদের চিফ হুইপের সাথে যোগাযোগের চেষ্টা করা হয়েছিল। তবে কোনো সাড়া পাওয়া যায়নি। তবে রোববার সচিবালয়ে এসব বিষয় নিয়ে স্বরাষ্ট্রমন্ত্রী ও আইনমন্ত্রী একটি ব্রিফিং করেন। সেখানে আইনমন্ত্রী মো. আসাদুজ্জামান বলেন, “মানবাধিকার কমিশন আইনের কিছু ধারা নিয়েও প্রশ্ন রয়েছে, বিশেষ করে তদন্ত, জরিমানা ও ক্ষতিপূরণের ক্ষেত্রে সুস্পষ্ট নির্দেশনার অভাব রয়েছে। এসব বিষয় নিয়ে অংশীজনদের সঙ্গে আলোচনা শুরু করতে সরকার উদ্যোগ নিয়েছে। আগামী মে মাসের মাঝামাঝি সময়ের পর মানবাধিকার কমিশন আইন নিয়ে পরামর্শ সভা আয়োজন করা হতে পারে।”

যেভাবে নিয়োগ হয়েছিল নতুন কমিশন

২০২৪ সালের ৫ আগস্ট গণ-অভ্যুত্থানে আওয়ামী লীগ সরকারের পতন হয়। তিনদিন পরে গঠিত হয় অন্তর্বর্তীকালীন সরকার। সরকার গঠনের পর নভেম্বর পর্যন্ত বহাল ছিল আগের কমিশন। রাজধানীর ঢাকার কারওয়ান বাজারে জাতীয় মানবাধিকার কমিশনের কার্যালয়। বাংলাদেশের গণমাধ্যমের খবরে বলা হয়েছে, ২০২৪ সালের ৭ নভেম্বর সরকারের একটি গোয়েন্দা সংস্থার কয়েকজন কর্মকর্তা কারওয়ান বাজারে কমিশনের কার্যালয়ে গিয়ে দিনভর সেখানে অবস্থান করেন। পরে ওইদিন সন্ধ্যার দিকে পদত্যাগ করেন তৎকালীন কমিশনের চেয়ারম্যান কামাল উদ্দিন আহমদ, সার্বক্ষণিক সদস্য মো. সেলিম রেজা এবং অন্য চারজন সদস্য। তবে আরেকজন সদস্য কাওসার আহমেদ এর আগেই পদত্যাগ করেছিলেন। পদত্যাগ করা কমিশনের সদস্যের বরাতে দৈনিক প্রথম আলোর খবরে বলা হয়, সে সময় জোর করেই ওই সদস্যদের পদত্যাগ করানো হয়েছিল। এরপর ওই শূন্য পদে নতুন করে আর কাউকে নিয়োগ দেওয়া হয়নি চলতি বছরের ফেব্রুয়ারি পর্যন্ত। দীর্ঘদিন ধরে মানবাধিকার কমিশনে নিয়োগ বন্ধ থাকার পর গত বছর অর্থাৎ ২০২৫ সালে জারি করা হয় জাতীয় মানবাধিকার কমিশন অধ্যাদেশ, ২০২৫। ওই বছরের ৩০ অক্টোবর অন্তর্বর্তী সরকারের উপদেষ্টা পরিষদে তা চূড়ান্ত অনুমোদন হয়। ওই অধ্যাদেশের ভিত্তিতে ত্রয়োদশ জাতীয় নির্বাচনের মাত্র সাতদিন আগে, এ বছরের ৫ ফেব্রুয়ারি বিচারপতি মইনুল ইসলাম চৌধুরীর নেতৃত্বে পাঁচ সদস্যের কমিশন মানবাধিকার কমিশনের দায়িত্ব নেয়। ওই কমিশনের সদস্য বা কমিশনার হিসেবে ছিলেন মানবাধিকার কর্মী নূর খান লিটন, নাবিলা ইদ্রিস, অধ্যাপক মো. শরীফুল ইসলাম ও ইলিরা দেওয়ান। (বিবিসি ওয়েব পেজ : ১৪.০৪.২০২৬ আলী আহমেদ)

বাংলাদেশের বেসরকারি স্কুলে অবসরপ্রাপ্ত শিক্ষক নিয়োগ কেন দিচ্ছে সরকার**?**

বাংলাদেশে বেসরকারি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে অবসরপ্রাপ্ত শিক্ষকদের নিয়োগ দিতে উদ্যোগ নিয়েছে সরকার। এর কারণ হিসেবে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের দেওয়া একটি নির্দেশনায় বলা হয়েছে, শিক্ষক স্বল্পতা এবং এনটিআরসির মাধ্যমে শিক্ষক নিয়োগে দেরির কারণে শ্রেণিকক্ষে পাঠদান কার্যক্রম বিঘ্নিত হচ্ছে। আর শ্রেণিকক্ষে পাঠদান বাড়ানোর লক্ষ্যে অভিজ্ঞ এবং শারীরিকভাবে সক্ষম শিক্ষকদের নিয়ে উপজেলাভিত্তিক অবসরপ্রাপ্ত শিক্ষক পুল গঠন করতে সব জেলা প্রশাসককে নির্দেশ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। উপজেলা নির্বাহী কর্মকর্তার পরামর্শে শিক্ষা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটি, গভর্নিং বডি বা এডহক কমিটির অনুমোদন নিয়ে প্রয়োজনের নিরিখে সাময়িকভাবে ওই পুল থেকে শিক্ষক নিয়োগ করে শিক্ষা কার্যক্রম পরিচালনা করার নির্দেশনা দেওয়া হয়েছে। শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিলের অত্যাবশ্যকীয় খাত থেকে অবসরপ্রাপ্ত শিক্ষকদের সম্মানী দিতে প্রয়োজনীয় নির্দেশনা দেওয়ার জন্য মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালককেও নির্দেশনা দিয়েছে মন্ত্রণালয়।

এদিকে, শিক্ষা মন্ত্রণালয় শিক্ষক সংকট ও এনটিআরসিএর শিক্ষক নিয়োগে দেরির কথা বললেও, এই সংকট মানতে নারাজ বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)। প্রতিষ্ঠানটির চেয়ারম্যান মো. আমিনুল ইসলাম বিবিসি বাংলাকে বলেন, “বিষয়টা একটু বলি, এই নিয়োগ (অবসরপ্রাপ্ত শিক্ষক) শিক্ষক সংকট বা নিয়োগে বিলম্বের কারণে না।” তিনি বলছেন, “যদি কোনো শিক্ষা প্রতিষ্ঠানে এমপিও পদ ফাঁকা না থাকে, কিন্তু সেখানে অতিরিক্ত শিক্ষক প্রয়োজন। সেক্ষেত্রে অবসরপ্রাপ্ত শিক্ষকদের পুল থেকে নিয়োগ দেওয়া যাবে।” একইসাথে শিক্ষক নিয়োগ দিতে এনটিআরসিএর দেরি হয় না বলেও দাবি করেন মি. ইসলাম। অন্যদিকে, শিক্ষাবিদ ও শিক্ষক নেতারা সরকারের এই

সিদ্ধান্তকে 'ভালো উদ্যোগ' বলেই মন্তব্য করছেন। তবে, এই উদ্যোগ কার্যকর কীভাবে করা যাবে এবং রাজনৈতিক নিয়োগ পরিহার ও শিক্ষা প্রতিষ্ঠানের সম্মানী দেওয়ার সক্ষমতা নিয়েও প্রশ্ন তুলেছেন শিক্ষাবিদরা।

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক সংকট কতখানি?

গত ৮ এপ্রিল জাতীয় সংসদ অধিবেশনে শিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন জানিয়েছেন, সারা দেশের এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে শূন্য রয়েছে ৬০ হাজার ২৯৫টি শিক্ষক পদ। দেশে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা ৩৪ হাজার ১২৯টি। গত জানুয়ারিতে এমপিওভুক্ত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক পদে নিবন্ধিত প্রার্থীদের নিয়োগের সুপারিশ করে এনটিআরসিএ। ওই সময় ১১ হাজার ৭১৩ জন প্রার্থী ৬৭ হাজার ২০৮টি শিক্ষক ও প্রভাষক পদের বিপরীতে নিয়োগের সুপারিশ পেয়েছিলেন। এরপরেও বেসরকারি স্কুল-কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে ৫৫ হাজার ৪৯৫টি পদ শূন্য রয়ে গিয়েছিল। শূন্য পদের এই পরিসংখ্যানই শিক্ষক সংকট তুলে ধরেছে। ঢাকার একটি বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ের একজন সহকারী শিক্ষক নাম প্রকাশ না করার শর্তে বলেন, সংকট কাটানোর জন্য সাময়িকভাবে সরকারি এই উদ্যোগ ভালো হলেও, কিছু আশঙ্কার দিকও রয়েছে। বাংলাদেশের মাধ্যমিক শিক্ষা ব্যবস্থায় জানুয়ারি থেকে ডিসেম্বর, এক বছরের শিক্ষাবর্ষ উল্লেখ করে তিনি বলেন, "এই পর্যায়ে যদি সাময়িকভাবে একজন অবসরপ্রাপ্ত শিক্ষককে তিন মাসের জন্য নিয়োগ দেওয়া হয়, তখন যে বিষয় বা কোর্স পড়াবেন, তা শেষ করা সময়সাপেক্ষ ও কঠিন বিষয়।" "তিনি তিন মাস ক্লাস করালো, পরে আরেকজন শিক্ষক ওই কোর্সের খাতা মূল্যায়ন করলে, সেটি আশঙ্কা বা উদ্বেগের বিষয় হতে পারে" বলে মনে করেন এই শিক্ষক। শিক্ষক নেতা ও শিক্ষাবিদরা সরকারকে এই পুলের জন্য শিক্ষক নিয়োগের ক্ষেত্রে সতর্ক হওয়ার পরামর্শ দিয়েছেন। খুলনা বিশ্ববিদ্যালয়ের সাবেক কোষাধ্যক্ষ ও অধ্যক্ষ পরিষদের সভাপতি অধ্যাপক মো. মাজহারুল হান্নান বিবিসি বাংলাকে বলেন, "সংকটকালীন সময়ে সাময়িকভাবে অবসরপ্রাপ্ত শিক্ষকদের নিয়োগ দেওয়া যেতেই পারে, আপাতদৃষ্টিতে ভালোই মনে হচ্ছে। কিন্তু নিয়োগের ক্ষেত্রে দলীয়করণের উদ্দেশ্য যদি থাকে, তাহলে আমি বলবো সেটা ঠিক হবে না। মন্ত্রণালয়কে সতর্ক থাকতে হবে।"

তবে, শিক্ষক সংকট সমাধানে এনটিআরসিএকে "রেগুলার টিচার অ্যাপয়েন্টমেন্ট" করার ক্ষেত্রে গুরুত্বারোপ করেন এই শিক্ষক নেতা। প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ে শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে অন্তর্বর্তী সরকারের আমলে দুইটি কমিটি গঠন করা হয়েছিল। ওই দুই কমিটিরই প্রধান ছিলেন ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের ইমেরিটাস অধ্যাপক মনজুর আহমদ। এই উদ্যোগ ভালো উল্লেখ করে মি. আহমদ জানান, তার কমিটিও এমন সুপারিশ করেছিল। তবে, অবসরপ্রাপ্ত শিক্ষক নিয়োগ করলে তাদের শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল থেকে সম্মানী দেওয়ার সক্ষমতা নিয়ে প্রশ্ন তুলেছেন তিনি। শিক্ষাবিদ মি. আহমদ বিবিসি বাংলাকে বলেন, "সেই সক্ষমতা কতখানি আছে স্কুলগুলোর? হয়ত কিছু স্কুল পারবে, কিন্তু যেখানে বেশি দরকার সেখানে পারবে কি না? উদ্যোগটা ভালো, তবে কার্যকর কীভাবে সঠিকভাবে করা যাবে, সেটাও চিন্তা-ভাবনা করতে হবে।"

'অবসরপ্রাপ্ত শিক্ষক নিয়োগ এনটিআরসিএ নিয়োগের বিকল্প না'

এই মুহূর্তে দেশে শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে কত পদ শূন্য রয়েছে জানতে চাইলে এনটিআরসিএ চেয়ারম্যান মো. আমিনুল ইসলাম জানান, এরই মধ্যে শূন্য পদের চাহিদা চাওয়া হয়েছে। তিনি বলেন, "আগামী ১৫ এপ্রিলের পরে বলতে পারবো, সারা দেশে কোন বিষয়ে কত শূন্য পদ আছে।" শিক্ষক নিয়োগ করতে কেন দেরি হয় এমন প্রশ্নে মি. ইসলাম দাবি করেন, এখন নিয়োগের ক্ষেত্রে দেরি হয় না। তিনি জানান, আগে লিখিত পরীক্ষার খাতা দেখতে সময় লাগতো তাই দেরি হতো। কিন্তু এখন এমসিকিউ পরীক্ষা হবে, দুইদিনের মধ্যে খাতা দেখা হয়ে যাবে, সুতরাং দেরি হওয়ার সুযোগ নেই। এ মাসেই প্রতিষ্ঠান প্রধান বা সহকারী প্রধান পদে আরেকটি নিয়োগ পরীক্ষার সার্কুলার দেওয়া হবে বলেও জানান তিনি। এখন থেকে প্রতিষ্ঠান প্রধান বা সহকারী প্রধান এবং সহকারী শিক্ষক বা লেকচারার পদে বছরে দুইবার নিয়োগ দেওয়া হবে বলেও উল্লেখ করেন মি. ইসলাম। তবে, অবসরপ্রাপ্ত শিক্ষকদের নিয়োগ দিতে সরকারের নেওয়া সিদ্ধান্ত, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষের দেওয়া নিয়োগের বিকল্প নয় বলে জানান তিনি। অভিজ্ঞ ও শারীরিকভাবে সক্ষম অবসরপ্রাপ্ত শিক্ষকদের মেধা ও দক্ষতা কাজে লাগানোর জন্যই সরকার এই নিয়োগের সিদ্ধান্ত নিয়েছে বলে তিনি মনে করেন। "এনটিআরসিএ এন্ট্রি লেভেলে মেধা, যোগ্যতার ভিত্তিতে পরীক্ষার মাধ্যমে শিক্ষক নিয়োগ দিচ্ছে, এর কোনো বিকল্প নাই। কিন্তু পুল হচ্ছে, যারা শারীরিক ও মানসিকভাবে সক্ষম, তাদের অভিজ্ঞতা কাজে লাগাতে যেখানে অতিরিক্ত ও পার্ট টাইম শিক্ষক দরকার, সেখানে এই পুলের শিক্ষক প্রয়োজন হবে," বলেন এনটিআরসিএ চেয়ারম্যান মো. আমিনুল ইসলাম।(বিবিসি ওয়েব পেজ : ১৪.০৪.২০২৬ আলী আহমেদ)

বাংলা বর্ষপঞ্জি বাংলাদেশে কতটা ব্যবহার হচ্ছে?

বাংলাদেশে নানা আয়োজনের মধ্যদিয়ে ১৪৩৩ বঙ্গাব্দের প্রথম দিনকে বরণ করে নেওয়া হয়েছে। রাজধানী ঢাকা তো বটেই, দেশের নানা প্রান্তে বিভিন্ন বয়সি মানুষকে দিনটি নানাভাবে উদ্যাপন করতে দেখা গেছে। বর্ষবরণ উপলক্ষ্যে বৈশাখি মেলা যেমন বসেছে, তেমনি বিভিন্ন স্থানে আয়োজন করা হয়েছে বলিখেলা, লাঠি খেলা ও হা-ডু-ডুসহ ঐতিহ্যবাহী নানা ধরনের খেলা। সরকারিভাবে ছুটির দিন হলেও বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানেও এ দিনটি পালিত হয়েছে। বরিশালের পটুয়াখালী জেলার একটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের সাথে কথা বলে জানা গেছে, শিক্ষার্থীরা

বাড়ি থেকে পান্তা ভাত, মাছ, ভর্তা নিয়ে এসেছে। এরপর সবাই মিলে ভাত খেয়েছে। বাড়তি পদ হিসেবে আরও ছিল বাতাসা, মুড়ি-মুড়কিসহ নানাকিছু। কিন্তু যে বাংলা বর্ষপঞ্জি ঘিরে এই উৎসবমুখর পরিবেশ, সেটির ব্যবহার এখন নেই বললেই চলে। সরকারি কাগজপত্র, গণমাধ্যম থেকে শুরু করে সাধারণ মানুষের রোজকার জীবনে, সবখানেই এখন ইংরেজি ক্যালেন্ডারের জয়জয়কার। বাংলা বর্ষপঞ্জির উপযোগিতা কমার কারণ কী? কারা এখনো বাংলা বর্ষপঞ্জি ব্যবহার করে?

যারা এখনও বাংলা বর্ষপঞ্জি ব্যবহার করে

ইংরেজি ক্যালেন্ডার নির্ভরশীলতা তৈরি হওয়ার আগে এক সময় বাংলা বর্ষপঞ্জিও ব্যাপকভাবে ব্যবহার করা হতো। বিশেষ করে কৃষকরা বাংলা মাসের হিসাব করে চাষাবাদ করতো। গ্রামেগঞ্জে এখনও এটি করা হয়। যেমন, কোন ফসল কখন লাগাতে হবে, তা অনেক কৃষক এখনো বৈশাখ, আষাঢ়, কার্তিক ইত্যাদি মাস ধরে ঠিক করেন। ফসল তোলার সময়ও বাংলা মাসের সঙ্গে মিলিয়ে দেখা হয়। উদাহরণস্বরূপ, অগ্রহায়ণ মাস মানেই আমন ধান কাটার মৌসুম। বাংলা মাসগুলো সরাসরি ঋতুর সঙ্গে সম্পর্কিত। তাই আবহাওয়ার হিসাব-নিকাশে কৃষকরা বাংলা বর্ষপঞ্জি ব্যবহার করেন। যেমন, কোন মাসে বৃষ্টি হবে বা জমি শুকনো থাকবে- এই ধারণা থেকে সেচ দেওয়া বা সার প্রয়োগের সময় ঠিক করা হয়। গ্রামে ব্যবসা-বাণিজ্য, বিশেষ করে কৃষি সম্পর্কিত দেনা-পাওনার হিসাব অনেক সময় বাংলা নববর্ষে (পহেলা বৈশাখে) নতুন করে শুরু করা হয়। তবে কৃষি ছাড়া অন্যান্য পেশায় বিশেষ করে আধুনিক পেশায় বাংলা বর্ষপঞ্জির উপর নির্ভরতা নেই বললেই চলে। অবশ্য স্বর্ণের ব্যবসার সাথে যুক্ত কয়েকজন ব্যবসায়ী বিবিসি বাংলাকে জানালেন, তারা এখনো বাংলা বর্ষপঞ্জি মেনেই অনেক কিছু করেন।

বরিশাল সদরের একজন স্বর্ণ ব্যবসায়ী শোভন কর্মকার, যিনি পারিবারিকভাবেই এই ব্যবসায় যুক্ত হয়েছেন। বিবিসি বাংলাকে মি. কর্মকার বলছিলেন, "আমাদের, মানে স্বর্ণ ব্যবসায়ীদের এখনও বাংলা ক্যালেন্ডার লাগে। এটা ছাড়া চলবে না আমাদের। কারণ ধানতারাস, অক্ষয় তৃতীয়া, পহেলা বৈশাখ, চৈত্র সংক্রান্তির মতো নানা পার্বন বাংলা ক্যালেন্ডার মেনে হয়। অধিকাংশ স্বর্ণের দোকান পুরানো রীতিতেই চলে।" "এই যে আজ হালখাতা আসবে, সেই হালখাতায় প্রথম তারিখ বাংলায় লেখা হবে," বলছিলেন মি. কর্মকার। "এটা ঠিক যে, আগে হালখাতার যে আয়োজন ছিল, এখন আর তা নাই। স্বর্ণের দোকান বাদ দিলে অন্যান্য দোকানদাররা এখন আর বাংলা তারিখ সেভাবে মানে না," যোগ করেন তিনি। পুরানো দেনা-পাওনার হিসাব চুকিয়ে পহেলা বৈশাখে ব্যবসায়ীদের নতুন বছরের হালখাতা খোলার রীতি বেশ পুরোনো। ক্রেতাদের নানাভাবে অ্যাপায়িত করে ব্যবসায়িক সম্পর্ক জোরদারের একটা উপলক্ষ্য হিসেবেও দেখা হয় পহেলা বৈশাখকে। সেদিক থেকে বিবেচনা করলে অবশ্য বাংলা বর্ষপঞ্জির প্রথম দিনটি ঘিরে তৎপরতা ব্যবসায়ীদের মাঝে এখনও আছে। সামাজিক ও ধর্মীয় নানা আচারেও বাংলা বর্ষপঞ্জির ব্যবহার দেখা যায়। যেমন, অনেকেই আছেন যারা চৈত্র মাসে বিয়ের আয়োজন করতে চান না। নতুন কোনো কাজ শুরু করার আগে বা ঘরে ওঠার ক্ষেত্রেও অনেকে বাংলা বর্ষপঞ্জি অনুসরণ করেন। মুসলমানরা যেমন হিজরি ক্যালেন্ডার মেনে বিভিন্ন ধর্মীয় উৎসব পালন করেন, হিন্দু ধর্মাবলম্বীরাও তেমন তাদের উৎসব-পার্বনের ক্ষেত্রে বাংলা বর্ষপঞ্জি অনুসরণ করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক ড. বায়তুল্লাহ কাদেরী বিবিসি বাংলাকে বলেন, "এখন শুধুমাত্র সরকারি চিঠিপত্রে ইংরেজির পাশাপাশি বাংলা তারিখ উল্লেখ করা হয়। ব্যবসায়ীরা আগে নতুন বছরে হালখাতা খুলতো। এখন সেটিও উঠে যাচ্ছে।" "অবশ্য ধর্ম চর্চার ক্ষেত্রে বাংলা ক্যালেন্ডার কিছুটা ব্যবহার করা হয়," যোগ করেন মি. কাদেরী।

'বাংলাকে রাষ্ট্রীয়ভাবেই অবজ্ঞা করা হচ্ছে'

অধ্যাপক ড. বায়তুল্লাহ কাদেরী বলছিলেন, "এখন বাংলা তারিখ কেউ মনে রাখে না। আমাদের সময় আমাদেরকে স্কুলে কলেজে বাংলা ও খ্রিষ্টীয় ক্যালেন্ডার, দুটোই শেখানো হতো। গ্রামের স্কুলগুলোতে তো আরও বেশি করে শেখানো হতো। কিন্তু এখন আর সেটা করা হয় না।" তিনি মনে করেন, ইন্টারনেট ও পরে সোশ্যাল মিডিয়া হাতের নাগালে আসার পর থেকে বাংলা তারিখের ব্যবহার এবং এটি শেখা ও শেখানোর প্রবণতা লক্ষণীয় মাত্রায় কমে গেছে। কারণ ইন্টারনেটের কারণে বহির্বিশ্বের সাথে যোগাযোগ করাটা এখন সহজ হয়ে গেছে। আর বাইরের পৃথিবীর সাথে যোগাযোগের ভাষা হলো ইংরেজি। সব মিলিয়ে এটা হয়েছে বলেই মনে করেন অধ্যাপক কাদেরী। "গ্রামে-গঞ্জে কৃষকরা হয়ত এখনো বাংলা তারিখ মনে রাখে। কিন্তু আমাদের শিক্ষার্থীরা বাংলা সন-তারিখ তো পরের কথা, মাসের কথা বলতে পারবে না। এটা লজ্জার বিষয়। বাংলাকে রাষ্ট্রীয়ভাবেই অবজ্ঞা করা হচ্ছে। তাই এখন বাংলা তারিখের চর্চা নেই," যোগ করেন মি. কাদেরী। শিক্ষা প্রতিষ্ঠানে দরখাস্ত লেখার সময় বাংলা তারিখ লেখা শেখানো হয় ঠিক-ই, কিন্তু এর কোনো চর্চা নেই বাস্তব জীবনে। "বাংলা তারিখকে বাঁচিয়ে রাখতে হলে স্কুলে ও পারিবারিকভাবে এর চর্চা জারি রাখা প্রয়োজন। বাচ্চাদেরকে যদি খনার বচনের প্রবাদ-প্রবচনও শেখানো হয়, তাহলেও তারা শিখবে যে, কোন মাসের কী বৈশিষ্ট্য, কোন মাসে কী হয়-না হয়।" "আমাদের আমদানি-রপ্তানি থেকে শুরু করে সবকিছুই খ্রিষ্টীয় তারিখে চলে। আমরা চাইলেও এখন এটিকে আন্তর্জাতিকভাবে নিতে পারবো না। কিন্তু দেশের ভেতরে তো এর চর্চা করতেই পারি। আর এটি তখনই শুরু হবে, যদি বাংলা ভাষার চর্চা আমরা ঠিকভাবে করতে পারি।"

বাংলা বর্ষপঞ্জির শুরু

ইতিহাসবিদদের হিসাব অনুযায়ী, ১৫৫৬ সাল থেকে বাংলা সন প্রবর্তন করা হয়। মুঘল সম্রাট জালালুদ্দিন মুহাম্মদ আকবর খাজনা আদায়ের সুবিধার জন্য তার সভার জ্যোতির্বিদ আমির ফতুল্লা শিরাজীর সহযোগিতায় ১৫৮৪ খ্রিষ্টাব্দে 'তারিখ-ই -এলাহি' নামে নতুন একটি বছর গণনা পদ্ধতি চালু করেন। এটি কৃষকদের কাছে 'ফসলি সন' নামে পরিচিত হয়, যা পরে 'বাংলা সন' বা 'বঙ্গাব্দ' নামে প্রচলিত হয়ে ওঠে। ওই সময়ে প্রচলিত রাজকীয় সন ছিল 'হিজরি সন', যা চন্দ্রসন হওয়ার প্রতি বছর একই মাসে খাজনা আদায় সম্ভব হতো না। বাংলা সন শূন্য থেকে শুরু হয়নি, যে বছর বাংলা সন প্রবর্তন করা হয়, সে বছর হিজরি সন ছিল ৯২৩ হিজরি। সে অনুযায়ী, সম্রাটের নির্দেশে প্রবর্তনের বছরই ৯২৩ বছর বয়স নিয়ে যাত্রা শুরু হয় বাংলা সনের। বাংলা বর্ষের মাসগুলোর নামকরণ হয়েছে বিভিন্ন নক্ষত্রের নামে। তবে সম্রাট আকবরের শাসনামলে যেভাবে বর্ষবরণের আনুষ্ঠানিকতা শুরু হয়েছিল, তা সময়ের সাথে সাথে বিবর্তিত হয়েছে এবং স্বাভাবিক নিয়মেই বাঙালি সংস্কৃতি ও রাজনীতির সাথেও জড়িয়ে গেছে এই উৎসব। ইতিহাসবিদ মুনতাসীর মামুন বিবিসি বাংলাকে দেওয়া এক সাক্ষাৎকারে বলেন, বিভিন্ন সময়ে বাংলা নববর্ষ উদযাপন বাঙালির প্রতিবাদের ভাষা হয়েও উঠেছে। বিশেষ করে, ১৯৪৭ সালের দেশভাগের পর আইয়ুব খানের আমল এবং আশির দশকের শেষের দিকে স্বৈরশাসনের বিরুদ্ধে প্রতিবাদের ভাষা ছিল বর্ষবরণের আনুষ্ঠানিকতা। সাম্প্রতিক বছরগুলোতেও বর্ষবরণের নানা আনুষ্ঠানিকতায় রাজনৈতিক প্রেক্ষাপটের নানাবিধ উপস্থাপন দেখা গেছে।

(বিবিসি ওয়েব পেজ : ১৪.০৪.২০২৬ আলী আহমেদ)

## যুক্তরাষ্ট্রের অবরোধের মধ্যেই হরমুজ প্রণালি পার হয়েছে চারটি জাহাজ

যুক্তরাষ্ট্রের অবরোধের মধ্যেই চারটি জাহাজ হরমুজ প্রণালি পার হওয়ার খবর মিলেছে। জাহাজের ট্র্যাকিং তথ্য বিশ্লেষণ করেছে বিবিসি ভেরিফাই। তথ্য বিশ্লেষণে দেখা গেছে, ওয়াশিংটনের নৌ অবরোধ শুরু হলেও চারটি জাহাজ হরমুজ প্রণালি অতিক্রম করেছে। মেরিন ট্রাফিকের তথ্য অনুযায়ী, এই জাহাজগুলোর মধ্যে দুটি আগেই ইরানের বন্দরে গিয়েছিল। এদের মধ্যে 'ক্রিস্টিয়ানা' নামের একটি জাহাজ আগে ইরানে গিয়েছিল। অন্যদিকে, রিচ স্টারি নামের আরেকটি জাহাজ আগে থেকেই যুক্তরাষ্ট্রের নিষেধাজ্ঞাভুক্ত ছিল। এই জাহাজটি সংযুক্ত আরব আমিরাতের শারজাহ থেকে পূর্ব দিকে যাত্রা করে রাতেই হরমুজ প্রণালি পাড়ি দেয়। যুক্তরাষ্ট্রের নিষেধাজ্ঞায় থাকা আরেকটি জাহাজ মুরলিকিশান। এই জাহাজটি চীনের লানসান থেকে রওয়ানা হয়ে রাতের মধ্যেই হরমুজ প্রণালি অতিক্রম করে। মেরিন ট্রাফিকের তথ্য অনুযায়ী, ওই জাহাজের সর্বশেষ অবস্থান ছিল ইরানের কেশম দ্বীপের পূর্বদিকে। এছাড়াও এলপিস নামের আরেকটি ট্যাংকার ইরানের বুশেহর বন্দর থেকে মঙ্গলবার পূর্বদিক দিয়ে প্রণালি অতিক্রম করেছে। এটিও যুক্তরাষ্ট্রের নিষেধাজ্ঞার আওতায় রয়েছে। তবে এই জাহাজটির গন্তব্য কোথায়, সেটি নিশ্চিত হওয়া যায়নি। তবে ধারণা করা হচ্ছে, এই জাহাজগুলো তাদের অবস্থান গোপন করতে কৌশলের আশ্রয় নিয়ে থাকতে পারে। যুক্তরাষ্ট্রের সামরিক বাহিনী জানিয়েছিল, সোমবার দুপুর থেকে তারা ইরানের বন্দরগুলোতে প্রবেশ ও বের হওয়া পথ অবরোধ করবে।

(বিবিসি ওয়েব পেজ: ১৪.০৪.২০২৬ এলিনা)

## সামরিক পদক্ষেপ নিলে যুক্তরাষ্ট্রের সমস্যা আরও বাড়বে : ইরানের প্রেসিডেন্ট

ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান বলেছেন, ইরান যুদ্ধ বন্ধে শান্তি আলোচনা চালিয়ে যেতে প্রস্তুত এবং বিরোধ সমাধানে কূটনৈতিক পথই তাদের পছন্দনীয়। ইরানের বিভিন্ন গণমাধ্যমের খবরে বলা হয়েছে, প্রেসিডেন্ট পেজেশকিয়ান ফ্রান্সের প্রেসিডেন্ট এমানুয়েল ম্যাক্রোঁর সাথে এক কথোপকথনে এ কথা বলেন। পেজেশকিয়ান জানান, হুমকি, চাপ কিংবা সামরিক পদক্ষেপ নিলে যুক্তরাষ্ট্র নিজেদের সমস্যা আরো বাড়াবে এবং পরিস্থিতি আরো জটিল হবে। ইউরোপের উচিত, যুক্তরাষ্ট্রকে আন্তর্জাতিক আইন ও নীতি মেনে চলতে উৎসাহিত করা- এমন মন্তব্যও করেছেন মি. পেজেশকিয়ান।(বিবিসি ওয়েব পেজ: ১৪.০৪.২০২৬ এলিনা)

## ইসরায়েলের সঙ্গে প্রতিরক্ষা চুক্তি স্থগিত করছে ইতালি

ইরানের বন্দরগুলোতে যুক্তরাষ্ট্রের অবরোধের মধ্যেই একটি ব্রেকিং নিউজ জানাচ্ছে ইতালির সংবাদ মাধ্যমগুলো। সেখানে বলা হয়েছে, ইতালির প্রধানমন্ত্রী জর্জিয়া মেলোনি ইসরায়েলের সঙ্গে দেশটির প্রতিরক্ষা চুক্তি স্থগিত করার ঘোষণা দিয়েছেন। মঙ্গলবার ভেরোনায় সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি আরও বলেন, হরমুজ প্রণালি আবার চালু করতে সব ধরনের চেষ্টা চালানো উচিত। ইসরায়েলের সাথে ইতালির চুক্তিটি ২০০৩ সালে স্বাক্ষরিত হয়েছিল এবং ইতালির রাজনৈতিক সরকারগুলো প্রতি পাঁচ বছর পরপর এটি স্বয়ংক্রিয়ভাবে নবায়ন করে আসছিল।

(বিবিসি ওয়েব পেজ: ১৪.০৪.২০২৬ এলিনা)

## হরমুজ প্রণালি নিয়ে যৌথভাবে আন্তর্জাতিক বৈঠকের আয়োজন করবে ব্রিটেন ও ফ্রান্স

ফ্রান্স ঘোষণা করেছে যে, তারা ব্রিটেনের সাথে যৌথভাবে হরমুজ প্রণালি নিয়ে একটি আন্তর্জাতিক বৈঠকের আয়োজন করবে। এলিসি প্রাসাদের ঘোষণা অনুযায়ী, হরমুজ প্রণালিকে সুরক্ষিত করতে তারা একটি পূর্ণাঙ্গ ও প্রতিরক্ষামূলক মিশনে অংশ নিতে প্রস্তুত। এ উপলক্ষ্যে শুক্রবার ভিডিও কনফারেন্সে একটি বৈঠকও অনুষ্ঠিত হবে। এই সভার উদ্দেশ্য হলো- নিরাপদে হরমুজ প্রণালি দিয়ে চলাচলের উপায় নিয়ে আলোচনা করা। ব্রিটিশ প্রধানমন্ত্রীর কার্যালয়ের একজন

মুখপাত্র জানিয়েছেন, ইরানের সাথে যুক্তরাষ্ট্র-ইসরায়েলের যুদ্ধ শুরুর পরে এই বৈঠকটি এই সংকট সমাধানে কার্যকরি হতে পারে। ফ্রান্সের পররাষ্ট্রমন্ত্রী জোঁ-নোয়েল বারো বলেছেন যে, বৈঠকটি প্রাথমিকভাবে একটি বড়ো ধরনের উদ্যোগ। এর সাথে অন্তত ডজনখানেক দেশ যুক্ত হচ্ছে। তিনি আরও জানান, উপসাগরীয় রাষ্ট্রগুলোর সাথে সমন্বয়ক করেই উদ্যোগটি বাস্তবায়ন করতে চান তারা।(বিবিসি ওয়েব পেজঃ ১৪.০৪.২০২৬ এলিনা)

## ইরান যুদ্ধের কারণে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হবে যুক্তরাজ্যের প্রবৃদ্ধি : আইএমএফ

বিশ্বের উন্নত অর্থনীতির দেশগুলোর মধ্যে ইরান যুদ্ধের কারণে জ্বালানি খাতে যে ধাক্কা লেগেছে, তাতে সবচেয়ে বেশি প্রভাব পড়বে যুক্তরাজ্যের ওপর, এমন আভাস দিয়েছে আন্তর্জাতিক মুদ্রা তহবিল বা আইএমএফ। আইএমএফ তাদের সর্বশেষ 'ওয়ার্ল্ড ইকোনমিক আউটলুক' প্রতিবেদনে জানিয়েছে, চলতি বছরে যুক্তরাজ্যের প্রবৃদ্ধি পূর্বাভাস কমে দশমিক আট শতাংশে নেমেছে। যুদ্ধ শুরু আগে গত জানুয়ারিতে যা ছিল ১.৩ শতাংশ। আইএমএফ বলছে, এই প্রবৃদ্ধি কমার পেছনে সবচেয়ে বড়ো কারণ ইরান যুদ্ধ। এতে সুদের হার যেমন কমেছে, সেই সাথে জ্বালানি তেলে উচ্চমূল্যও অন্যতম কারণ, যার প্রভাব চলতে পারে আগামী বছর পর্যন্ত। আইএমএফ সতর্ক করে বলেছে, এই যুদ্ধ বিশ্ব অর্থনীতিকে ভঙ্গুর অবস্থায় ফেলবে এবং বৈশ্বিক মন্দার ঝুঁকি তৈরি করতে পারে। একইসঙ্গে মূল্যস্ফীতি মোকাবিলায় সুদের হার বাড়ানোর ক্ষেত্রে কেন্দ্রীয় ব্যাংকগুলোকে সতর্ক থাকার আহ্বান জানিয়েছে আইএমএফ।
(বিবিসি ওয়েব পেজঃ ১৪.০৪.২০২৬ এলিনা)

## যুক্তরাষ্ট্র-ইসরায়েলের হামলায় ইরানের ক্ষতি ২৭০ বিলিয়ন ডলার

যুক্তরাষ্ট্র ও ইসরাইলের যৌথ হামলায় প্রায় ২৭০ বিলিয়ন ডলারের ক্ষতি হয়েছে বলে প্রাথমিকভাবে অনুমান করেছে ইরান সরকার। ইরান রেভ্যুলুশনারি গার্ড কোর বা আইআরজিসি ঘনিষ্ঠ তাসনিম নিউজ এজেন্সি এই তথ্য জানিয়েছে। রাশিয়ার গণমাধ্যমকে দেওয়া এক সাক্ষাৎকারে ইরান সরকারের মুখপাত্র ফাতেমেহ মোহাজেরানি বলেছেন, প্রাথমিক ও আনুমানিক হিসাব অনুযায়ী, এখন পর্যন্ত ক্ষতির পরিমাণ প্রায় ২৭০ বিলিয়ন ডলার বা ১৮৯ বিলিয়ন পাউন্ড। তিনি জানান, ইরানি কর্তৃপক্ষ এখনও ক্ষয়ক্ষতির পরিমাণ মূল্যায়নের কাজ চালিয়ে যাচ্ছেন। এর মধ্যে রয়েছে ভবন ধ্বংসের ক্ষতি এবং শিল্পকারখানা বন্ধ থাকায় রাজস্ব ক্ষতির হিসাব। মি. মোহাজেরানি আরও বলেন, গেলো সপ্তাহে যুক্তরাষ্ট্রের সঙ্গে আলোচনায় ক্ষতিপূরণের বিষয়টিও জানানো হয়েছে। রাষ্ট্রীয় বার্তা সংস্থা ইরনা এই তথ্য জানিয়েছে। এর আগে, যুক্তরাষ্ট্রের ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্স বলেন, পাকিস্তানে গুরুত্বপূর্ণ আলোচনা হলেও কোনো চুক্তি হয়নি।
(বিবিসি ওয়েব পেজঃ ১৪.০৪.২০২৬ রনি)

## 'ইতালির সঙ্গে আমাদের কোনো নিরাপত্তা চুক্তি নেই' : ইসরায়েলের পররাষ্ট্র মন্ত্রণালয়

ইতালির প্রধানমন্ত্রী জর্জিয়া মেলোনি জানিয়েছিলেন, তার দেশ ইসরায়েলের সঙ্গে প্রতিরক্ষা চুক্তি স্থগিত করছে। এবার এই বক্তব্যের পাল্টা জবাব দিয়েছে ইসরায়েল। ইসরায়েলের পররাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে, এই সিদ্ধান্ত তাদের নিরাপত্তায় কোনো প্রভাব ফেলবে না। ইসরায়েলি পররাষ্ট্র মন্ত্রণালয়ের একজন মুখপাত্র বলেন, "ইতালির সঙ্গে আমাদের কোনো নিরাপত্তা চুক্তি নেই।" তিনি এটিকে বহু বছর আগের একটি সমঝোতা স্মারক হিসেবেই উল্লেখ করেন। তিনি আরও বলেন, "এটি ইসরায়েলের নিরাপত্তায় কোনো প্রভাব ফেলবে না।"
(বিবিসি ওয়েব পেজঃ ১৪.০৪.২০২৬ রনি)

## যুক্তরাষ্ট্র-ইরান সংঘাত সমাধানে চেষ্টা চলছে : পাকিস্তানের প্রধানমন্ত্রী

পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ বলেছেন, যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে চলমান উত্তেজনা নিরসনের জন্য এখনো চেষ্টা চালানো হচ্ছে। গত সপ্তাহের শেষে পাকিস্তানের রাজধানী ইসলামাবাদে অনুষ্ঠিত যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে আলোচনা কোনো চুক্তিতে পৌঁছাতে পারেনি। সেই পরিপ্রেক্ষিতে তিনি এই মন্তব্য করেন। বার্তা সংস্থা এএফপি'র খবর অনুযায়ী, শাহবাজ শরিফ তার মন্ত্রিসভাকে বলেছেন, "যুদ্ধবিরতি এখনো বজায় আছে এবং বাকি বিষয়গুলো সমাধানে সর্বাত্মক চেষ্টা চলছে।"(বিবিসি ওয়েব পেজঃ ১৪.০৪.২০২৬ রনি)

## অবরোধ ভেঙে কোনো জাহাজ যেতে পারেনি, বলছে যুক্তরাষ্ট্র

যুক্তরাষ্ট্র জানিয়েছে, ইরানের বন্দর ও উপসাগরীয় এলাকায় তাদের অবরোধ শুরু হওয়ার পর প্রথম ২৪ ঘণ্টায় কোনো জাহাজ তা অতিক্রম করতে পারেনি। যুক্তরাষ্ট্র সেন্ট্রাল কমান্ড বা সেন্টকম জানায়, এই অবরোধে ১০ হাজারের বেশি সেনাসদস্য, ডজনখানেক যুদ্ধজাহাজ ও বিমান অংশ নিয়েছে। তারা আরও জানায়, ছয়টি বাণিজ্যিক জাহাজ মার্কিন বাহিনীর নির্দেশনা মেনে ফিরে গেছে এবং আবার ইরানের বন্দরে প্রবেশ করেছে। সেন্টকম এই তথ্য এমন সময় জানিয়েছে, যখন বিবিসি ভেরিফাই ট্র্যাকিং ডেটার তথ্য বিশ্লেষণ করে দেখা গেছে যে, অবরোধ শুরুর পর ইরান-সংশ্লিষ্ট চারটি জাহাজ হরমুজ প্রণালি অতিক্রম করেছে। সেন্টকম বলছে, ইরানের বন্দরে যাওয়া বা সেখান থেকে আসা- সব দেশের জাহাজের ক্ষেত্রেই এই অবরোধ কার্যকর করা হচ্ছে। তবে যারা ইরানে যাচ্ছে না বা সেখান থেকে আসছে না, তাদের জন্য সমুদ্রপথে চলাচলের স্বাধীনতা রয়েছে।(বিবিসি ওয়েব পেজঃ ১৪.০৪.২০২৬ রনি)

## ডয়চে ভেলে

### ভারতে অনুপ্রবেশকারী দুই বাংলাদেশিকে ফেরত দিলো বিএসএফ

কুড়িগ্রামের নাগেশ্বরী সীমান্তে অবৈধ অনুপ্রবেশের অভিযোগে আটক দুই বাংলাদেশি নাগরিককে বিএসএফ ফেরত দিয়েছে বলে ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার দৈনিক প্রথম আলো জানিয়েছে। গতকাল সোমবার রাতে সীমান্তের শূন্যরেখায় বিজিবি-বিএসএফের পতাকা বৈঠকের মাধ্যমে তাদের হস্তান্তর করা হয়। বিজিবি জানায়, ফেরত পাওয়া দুই ব্যক্তিকে কচাকাটা থানায় হস্তান্তর করা হয়েছে। হস্তান্তরের সময় তাদের পরিবারের সদস্যরাও উপস্থিত ছিলেন। বিএসএফের ফেরত দেওয়া ব্যক্তিরা হলেন- নাগেশ্বরী উপজেলার ডুমুরদহ গ্রামের আবদুল গফুরের ছেলে সোলাইমান সরকার (৩৪) এবং ভূরুঙ্গামারী উপজেলার বলদিয়া ইউনিয়নের কুমারটারী গ্রামের আনোয়ার হোসেনের ছেলে সোহাগ মিয়া (২৩)। এর আগে, রোববার রাতে নাগেশ্বরী উপজেলার নারায়ণপুর ইউনিয়নের চৌদ্দঘড়ি এলাকার উত্তর ঝাউকুটি সীমান্ত দিয়ে তারা ভারতের আসাম রাজ্যের ধুবরী জেলার টাকিমারী এলাকায় প্রবেশ করেন। পরে স্থানীয় লোকজন তাদের আটক করে বিএসএফের কাছে সোপর্দ করে। আটক ব্যক্তিদের পরিবারের দাবি, দুর্যোগপূর্ণ আবহাওয়ার কারণে পথ ভুলে তারা সীমান্ত অতিক্রম করেছিলেন। বিষয়টি জানিয়ে তারা চৌদ্দঘড়ি বিওপিতে যোগাযোগ করেন। বিজিবি সূত্রে জানা যায়, বিষয়টি জানিয়ে বিএসএফকে চিঠি দেওয়া হলে গতকাল বিকেলে দুই বাহিনীর মধ্যে পতাকা বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকের পর বিএসএফ আটক দুই বাংলাদেশিকে বিজিবির কাছে হস্তান্তর করে। কচাকাটা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা অর্পণ কুমার দাস বলেন, বিজিবি ফেরত দেওয়া দুই বাংলাদেশিকে থানায় সোপর্দ করেছে। প্রয়োজনীয় আইনগত প্রক্রিয়া শেষে তাদের পরিবারের কাছে হস্তান্তর করা হবে। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৪.০৪.২০২৬ রুবাইয়া)

### পীর শামীম হত্যা; জামায়াতের রোকনসহ ৪ জনের নামে মামলা

কুষ্টিয়ার দৌলতপুরে দরবার শরিফে সংঘবদ্ধ হামলা চালিয়ে পীর আবদুর রহমান শামীমকে কুপিয়ে ও পিটিয়ে হত্যার ঘটনায় মামলা হয়েছে। মামলায় কুষ্টিয়া জেলা ছাত্র-শিবিরের সাবেক সভাপতি ও দৌলতপুর উপজেলা জামায়াতের রোকন খাজা আহম্মেদসহ চারজনের নাম উল্লেখ করা হয়েছে বলে ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার দ্য ডেইলি স্টার জানিয়েছে। গতকাল সোমবার রাতে নিহত শামীমের ভাই ফজলুর রহমান বাদী হয়ে দৌলতপুর থানায় এই হত্যা মামলা করেন। মামলায় নাম থাকা অন্য তিন আসামি হলেন- স্থানীয় জামায়াত কর্মী রাজিব মিস্ত্রি, খেলাফত মজলিশের দৌলতপুর উপজেলা সভাপতি আসাদুজ্জামান আসাদ (৪৫) ও আবেদের ঘাট এলাকার একটি মাদ্রাসার শিক্ষক সাফি। ওই চারজন ছাড়াও মামলায় আরও ১৮০ থেকে ২০০ জনকে অজ্ঞাতনামা আসামি করা হয়েছে বলে জানিয়েছেন দৌলতপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আরিফুর রহমান। কুষ্টিয়ার অতিরিক্ত পুলিশ সুপার (ভেড়ামারা সার্কেল) দেলোয়ার হোসেন দ্য ডেইলি স্টারকে এই তথ্য নিশ্চিত করেছেন। হত্যার অভিযোগের বিষয়ে জানতে চাইলে মামলার প্রধান আসামি খাজা আহম্মেদ বলেন, "যিনি মারা গেছেন, তিনি আমার বংশের বড়ো ভাই। তার ভাইয়ের নির্দেশেই আমি লাশ আনতে গিয়েছিলাম। ঘটনার দিন পুলিশের সঙ্গেও আমার একাধিকবার কথা হয়েছে। এরপরও আমাকে প্রধান আসামি করা হয়েছে। অথচ ওইদিন সেখানে ইউনিয়ন বিএনপি, যুবদল ও স্বেচ্ছাসেবক দলের শীর্ষ নেতারা উপস্থিত ছিলেন। তাদের কারও নাম মামলায় নেই।" মামলায় দলের দুইজন নেতা-কর্মীর নাম থাকার বিষয়ে দৌলতপুর উপজেলা জামায়াতে ইসলামীর আমির বেলাল উদ্দিন বলেন, "মামলায় অনেকের নামই আসতে পারে। তবে আমাদের দলের কেউ এই ঘটনার সঙ্গে জড়িত নন। আমরা এই অভিযোগ আইনগতভাবে মোকাবিলা করব।"

(ডয়চে ভেলে ওয়েব ।পেজ: ১৪.০৪.২০২৬ রুবাইয়া)

### ঢাকায় নতুন বছর বরণ করলো ছায়ানট

বাংলাদেশে মঙ্গলবার উদ্‌যাপিত হচ্ছে নববর্ষ। রাজধানী ঢাকায় সকাল ৬টা ১৫ মিনিটে সূর্যোদয়ের সঙ্গেই শুরু হয় ছায়ানটের বর্ষবরণ। সবাই মিলে 'জাগো আলোক-লগনে' গানটি পরিবেশন করেন। বাংলা নববর্ষ ১৪৩৩-কে বরণ করে নেওয়ার এই অনুষ্ঠানের এবারের মূল ভাবনা, 'চিত্ত যেথা ভয়শূন্য, উচ্চ যেথা শির'। অনুষ্ঠানে রবীন্দ্রনাথ ঠাকুর, কাজী নজরুল ইসলাম, লালন সাঁই, দ্বিজেন্দ্রলাল রায়, অজয় ভট্টাচার্য, আবদুল লতিফ, জ্যোতিরিন্দ্র মৈত্রের গান পরিবেশিত হয়েছে, সঙ্গে থেকেছে লোকগান। ছায়ানটের শিক্ষার্থী, শিক্ষক ও বিশিষ্ট শিল্পী মিলিয়ে প্রায় ২০০ শিল্পী এই প্রভাতি অনুষ্ঠানে অংশ নেন। রমনার বটমূল থেকে অনুষ্ঠানটি সরাসরি সম্প্রচারিত হয়। অনুষ্ঠান চলে প্রায় দুই ঘণ্টা।

(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৪.০৪.২০২৬ রুবাইয়া)

## জাগো নিউজ

### কৃষক বাঁচলে দেশের মানুষ ভালো থাকবে : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, কৃষকরা যদি বেঁচে থাকে, দেশের মানুষ ভালো থাকতে পারবে। বর্তমান সরকারের লক্ষ্যই হচ্ছে কৃষককে আত্মনির্ভরশীল ও সচ্ছল হিসেবে গড়ে তোলা। সেজন্য আমরা কৃষক কার্ড দিয়েছি। কৃষক কার্ডের মাধ্যমে আমরা কৃষকদের সরাসরি ১০ সুবিধা পৌঁছে দিতে পারবো। মঙ্গলবার (১৪ এপ্রিল) দুপুরে টাঙ্গাইলে শহিদ মারুফ স্টেডিয়ামে প্রধান অতিথি হিসেবে কৃষক কার্ড বিতরণ ও প্রি-পাইলটিং কার্যক্রমের উদ্বোধনের প্রধান অতিথির

বক্তব্যের তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানে ১৫ জন কৃষকের হাতে কৃষক কার্ড ও গাছের চারা তুলে দেন প্রধানমন্ত্রী। দেশের ৪০ শতাংশ মানুষ কৃষির সঙ্গে জড়িত উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, "আমাদের পরিবারের কেউ না কেউ কৃষির সঙ্গে জড়িত। দেশের চার কোটি পরিবারের কেউ না কেউ কৃষির সঙ্গে সম্পর্কিত। এ দেশের প্রধান পেশাই হলো কৃষি। ২২ হাজার কৃষককে আমরা প্রথম পর্যায়ে কৃষক কার্ডের সুবিধা পৌঁছে দিতে চাচ্ছি।"
(জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৪.২০২৬ রিহাব)

## জুলাই সনদের প্রত্যেকটি অক্ষর বিএনপি বাস্তবায়ন করবে : প্রধানমন্ত্রী

জুলাই সনদ বাস্তবায়ন প্রসঙ্গে প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, ড. ইউনূস যখন জুলাই সনদে সই করার জন্য ডেকেছিলেন, সবার প্রথম জুলাই সনদে বিএনপি সই করেছিল। যে জুলাই সনদে বিএনপি সই করেছে, সেই জুলাই সনদের প্রত্যেকটি অক্ষর, শব্দ, লাইন ইনশাল্লাহ আমরা বাস্তবায়ন করবো। মঙ্গলবার (১৪ এপ্রিল) বিকেলে টাঙ্গাইলের সন্তোষে মওলানা ভাসানীর কবর জিয়ারত শেষে মাজার প্রাঙ্গণে এক আলোচনা সভায় তিনি এসব কথা বলেন। প্রধানমন্ত্রী আরও বলেন, "দেশের জনগণ বিএনপিকে দায়িত্ব দিয়েছে দেশ পরিচালনা করার জন্য। কাজেই সনদ যেটি বিএনপি সই করে এসেছে, সেই সনদে অন্যরাও সই করেছে। বিরোধী দলেরা প্রথমে দেখলাম, দল সই করবে কি-না? ঢেলেঢালা। তাদের সঙ্গে একটি দল তখন সই-ই করেনি। তাদেরকে দেখলাম, নির্বাচনের পরে গিয়ে হঠাৎ করে তড়িঘড়ি সই করেছে।" তিনি বলেন, যারা বিএনপির খাল খনন, ফ্যামিলি কার্ড, কৃষক কার্ড ও পেশাদার খেলোয়াড় তৈরিসহ জনকর্মসূচিতে বাধাগ্রস্ত করবে, বিএনপি জনগণকে সঙ্গে নিয়ে তাদের প্রতিহত করবে। কাজেই আমাদের সজাগ ও সতর্ক থাকতে হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৪.২০২৬ রিহাব)

## উৎসবের আমেজ প্রমাণ করে, দেশে এখন মুক্ত পরিস্থিতি বিরাজমান : তথ্যমন্ত্রী

সারা দেশে শান্তিপূর্ণ ও উৎসবমুখর পরিবেশে নববর্ষ উদ্যাপিত হওয়াকে দেশে গণতন্ত্র চর্চার এক প্রকৃত পরিবেশের প্রতিফলন হিসেবে উল্লেখ করেছেন, তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপন। তিনি বলেন, সারা দেশের উৎসবের আমেজ প্রমাণ করে, দেশে এখন একটি মুক্ত ও স্বাভাবিক পরিস্থিতি বিরাজমান। আমরা এই নতুন সংস্কৃতি ও পরিবেশকে দেশের সমৃদ্ধির জন্য অব্যাহত রাখতে চাই। মঙ্গলবার ঢাকা রিপোর্টার্স ইউনিটি প্রাঙ্গণে আয়োজিত পহেলা বৈশাখ ও নববর্ষ ১৪৩৩ উদ্যাপন উপলক্ষ্যে এক বর্ণাঢ্য আনন্দ র‍্যালিতে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। তথ্যমন্ত্রী বলেন, কৃষি এবং কৃষকরাই আমাদের অর্থনীতির মূল চালিকাশক্তি। বিএনপি নেতৃত্বাধীন নির্বাচিত সরকার কৃষি এবং কৃষককে দেশের অর্থনীতির মূল কেন্দ্রবিন্দুতে পরিণত করেছে। সাংবাদিক সমাজ ও দেশবাসীকে নববর্ষের শুভেচ্ছা জানিয়ে মন্ত্রী বলেন, দেশনায়ক তারেক রহমানের নেতৃত্বে জনগণের ভোটে নির্বাচিত এই নতুন সরকার নতুন উদ্দীপনায় দেশ গড়ার কাজ শুরু করেছে। মোগল সম্রাটরা কৃষকদের ফসল উৎপাদন ও খাজনা আদায়ের সমন্বয় করে যেভাবে বাংলা সনের প্রবর্তন করেছিলেন, সেই ঐতিহ্যকে ধারণ করে সরকার এ বছর পহেলা বৈশাখকে 'কৃষক কার্ড' বণ্টনের শুভ উদ্বোধনের দিন হিসেবে বেছে নিয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ'১৪.০৪.২০২৬ আসাদ)

## জুনের মধ্যে হেলথ কার্ড দেওয়া হবে : স্বাস্থ্যমন্ত্রী

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন বকুল বলেছেন, নতুন বছরে আমরা জাতিকে সামনে এগিয়ে নিয়ে যাওয়ার প্রত্যাশা করছি। আজ কৃষক কার্ড দেওয়া হচ্ছে, জুন মাসের মধ্যে হেলথ কার্ডও দেওয়া হবে। জনগণের কল্যাণে কৃষি ঋণ মওকুফ, দুস্থদের জন্য বরাদ্দ, টিআর-কাবিখা, খাল খননসহ নানা ধরনের উদ্যোগ নেওয়া হয়েছে। মঙ্গলবার দুপুরে নরসিংদীর মনোহরদী উপজেলা পরিষদ চত্বরে নববর্ষ উপলক্ষ্যে লোকজ মেলা উদ্বোধনকালে সাংবাদিকদের তিনি এসব কথা বলেন। মন্ত্রী বলেন, মাননীয় প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বে হাম প্রাদুর্ভাব রোধে ৩০টি উপজেলা ও সিটি করপোরেশনগুলোতে হামের ভ্যাকসিন দেওয়া হচ্ছে। ২০ তারিখ থেকে সারা দেশে হামের টিকা ও ভিটামিন 'এ' ক্যাপসুল শিশুদের খাওয়ানো হবে। ইতোমধ্যে হামের গতিরোধ করতে আমরা সক্ষম হয়েছি ও মৃত্যুহারও কমে গেছে। আশা করছি, দুই সপ্তাহের ভেতরে হাম নিয়ন্ত্রণে চলে আসবে।
(জাগো নিউজ ওয়েব পেজ'১৪.০৪.২০২৬ আসাদ)

## ডা. কামরুলের হাসপাতালে চাঁদা দাবি : ৩ আসামি ৩ দিনের রিমান্ডে

রাজধানীর শের-ই-বাংলা নগরে মানবিক চিকিৎসক খ্যাত ডা. মো. কামরুল ইসলামের মালিকানাধীন সিকেডি হাসপাতালে চাঁদা দাবি এবং ওটি ইনচার্জ আবু হানিফকে প্রাণনাশের হুমকির অভিযোগে দায়ের করা মামলায় প্রধান আসামিসহ তিনজনের তিনদিনের রিমান্ড মঞ্জুর করেছেন আদালত। মঙ্গলবার ঢাকা মহানগর আদালতে আসামিদের হাজির করে সাতদিনের রিমান্ড আবেদন করেন মামলার তদন্ত কর্মকর্তা। শুনানি শেষে মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট জামসেদ আলম তিনদিনের রিমান্ড মঞ্জুর করেন। মামলার প্রধান আসামি মো. মঈন উদ্দিন ছাড়াও রিমান্ডপ্রাপ্ত অন্য দুই আসামি হলেন- এমবি স্বপন কাজী ও মো. শাওন হোসেন। এজাহারে বলা হয়, আসামিরা দীর্ঘদিন ধরে বাদী মো. আবু হানিফের কাছে পাঁচ লাখ টাকা চাঁদা দাবি করে আসছিলেন এবং বিভিন্ন সময় হুমকি ও চাপ প্রয়োগ করেন। গত ১০ এপ্রিল সকালে তারা আবু হানিফের শ্যামলীর বাসায় গিয়ে দরজা খুলতে বাধ্য করেন এবং চাঁদা না দিলে বাদী ও তার স্ত্রীকে ক্ষতি করার হুমকি দেন। (জাগো নিউজ ওয়েব পেজ'১৪.০৪.২০২৬ আসাদ)

## মন্ত্রীর আশ্বাসের প্রতিফলন নেই বাজারে, মিলছে না বোতলের সয়াবিন তেল

ভোজ্যতেলের বাজার স্থিতিশীল রাখার আশ্বাস দিলেও, বাস্তবে তার প্রতিফলন দেখা যাচ্ছে না। বরং রাজধানীর বিভিন্ন বাজারে সয়াবিন তেলের বোতলের তীব্র সংকট রয়েই গেছে। কোথাও কোথাও একেবারেই মিলছে না বোতলের তেল, আবার কোথাও সীমিত সরবরাহ থাকলেও, তা চাহিদার তুলনায় অনেক কম। এ পরিস্থিতিতে খোলা সয়াবিন তেলই ভরসা হয়ে দাঁড়িয়েছে, যদিও দাম বেড়ে কেজিপ্রতি দাঁড়িয়েছে ২১০ টাকায়। গত ১২ এপ্রিল ভোজ্যতেল সরবরাহ পরিস্থিতি নিয়ে ব্যবসায়ীদের সঙ্গে বৈঠক করেন বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির। ওই বৈঠকে তিনি বাজারে সরবরাহ স্বাভাবিক রাখা এবং কোনোভাবেই দাম না বাড়ানোর বিষয়ে গুরুত্বারোপ করেন। তবে বৈঠকের দুই দিনের মাথায় বাজার ঘুরে ভিন্ন চিত্র দেখা গেল। (জাগো নিউজ ওয়েব পেজ'১৪.০৪.২০২৬ আসাদ)

## তেল সংকটে বন্ধ ইস্টার্ন রিফাইনারির মূল প্ল্যান্ট

অপরিশোধিত তেল সংকটে বন্ধ হয়ে গেছে দেশের একমাত্র রাষ্ট্রীয় পেট্রোলিয়াম জ্বালানি পরিশোধন কেন্দ্র ইস্টার্ন রিফাইনারি পিএলসি। গত রোববার বিকেল থেকে ইস্টার্ন রিফাইনারির মূল প্ল্যান্ট ক্রুড ডিস্টিলেশন ইউনিট পুরোপুরি বন্ধ করে দেওয়া হয়। তবে মঙ্গলবার দুপুরে বিষয়টি প্রকাশ পায়। এতে করে দেশের চাহিদা মেটাতে অতিরিক্ত পরিশোধিত জ্বালানি আমদানি করতে হচ্ছে বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশনকে। জানতে চাইলে মঙ্গলবার দুপুরে ইআরএলের সহকারী ব্যবস্থাপক মো. মনজেদ আলী শান্ত জাগো নিউজকে বলেন, “আমাদের মূল প্ল্যান্ট বন্ধ করা হয়েছে। তবে কখন থেকে বন্ধ, সেটি নিশ্চিত করতে পারবো না। অন্য ইউনিটগুলো চালু রয়েছে।” পরে নাম প্রকাশে অনিচ্ছুক ইআরএলের আরেক উর্ধ্বতন কর্মকর্তা জাগো নিউজকে বলেন, “গত পরশু রোববার থেকে আমাদের প্ল্যান্টটি বন্ধ রাখা হয়েছে। ক্রুড এলে পুনরায় প্ল্যান্ট চালু করা হবে।” (জাগো নিউজ ওয়েব পেজ'১৪.০৪.২০২৬ আসাদ)

## ভূ-মধ্যসাগরে সলিল সমাধি, তবুও থামছে না লিবিয়া-ইতালি মরণযাত্রা

উত্তর আফ্রিকার দেশ লিবিয়া হয়ে ভূ-মধ্যসাগর পাড়ি দিয়ে ইতালি যাওয়ার স্বপ্ন প্রতি বছরই বহু অভিবাসনপ্রত্যাশীর প্রাণ কেড়ে নিচ্ছে। আন্তর্জাতিক অভিবাসন সংস্থার তথ্যানুযায়ী, ভূ-মধ্যসাগরে প্রতি বছর গড়ে ২ হাজারের বেশি অভিবাসী ডুবে মারা যান বা নিখোঁজ হন। এদের একটি উল্লেখযোগ্য অংশই বাংলাদেশি। জাতিসংঘের শরণার্থী বিষয়ক হাইকমিশনারের তথ্য বলছে, ২০২৬ সালের ২২ মার্চ পর্যন্ত ৫ হাজার ৯০১ জন সাগর পাড়ি দিয়ে ইতালি প্রবেশ করেন। এর মধ্যে ১ হাজার ৩৫৮ জন বাংলাদেশি। দালালচক্রের প্রলোভন এবং ইতালিতে থাকা কিছু প্রবাসীর প্ররোচনায় জীবন বাজি রেখে বিপজ্জনক এই পথে পাড়ি জমাচ্ছেন বাংলাদেশিরা। ইতালি যাওয়ার আশায় ২০ থেকে ৩০ লাখ টাকা পর্যন্ত খরচ করছেন তারা। কিন্তু অনেকেই গন্তব্যে পৌঁছানোর আগেই সাগরে প্রাণ হারাচ্ছেন, আবার কেউ লিবিয়ায় বন্দিদশায় নির্যাতনের শিকার হয়ে মৃত্যুবরণ করছেন। ইউএনএইচসিআরের তথ্য অনুযায়ী, যে-সব নাগরিক লিবিয়া থেকে ইতালি রওয়ানা দেন, তার ৩৯ শতাংশই বাংলাদেশি। বাংলাদেশিরা ইউরোপে পৌঁছাতে সবচেয়ে বেশি ব্যবহার করছেন ভূ-মধ্যসাগর, যা সেন্ট্রাল মেডিটেরানিয়ান রুট হিসেবে পরিচিত। সেখানে যাওয়ার জন্য যাত্রা শুরু হয় মূলত লিবিয়া থেকে। (জাগো নিউজ ওয়েব পেজ'১৪.০৪.২০২৬ আসাদ)

## কুমিল্লায় নিয়ন্ত্রণ হারিয়ে ট্রাক খাদে, নিহত ৭

কুমিল্লার দাউদকান্দিতে চালবোঝাই একটি ট্রাক নিয়ন্ত্রণ হারিয়ে ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের পাশের খাদে পড়ে সাতজন নিহত হয়েছেন। এতে আহত হয়েছেন আরও ছয়জন। সোমবার দিনগত রাত সোয়া ৩টার দিকে উপজেলার হাসানপুরে তাসফিন পাম্পের উল্টো পাশে চট্টগ্রামমুখী লেনে এ দুর্ঘটনা ঘটে। দাউদকান্দি হাইওয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ইকবাল বাহার মজুমদার জাগো নিউজকে এ তথ্য নিশ্চিত করেছেন। পুলিশ ও স্থানীয় সূত্র জানায়, দিনাজপুর থেকে চট্টগ্রামগামী চালবোঝাই একটি ট্রাক নিয়ন্ত্রণ হারিয়ে সড়কের নিচে খাদে পড়ে যায়। এ সময় ট্রাকের ওপর থাকা ১৩ জন যাত্রী ট্রাকের নিচে চাপা পড়েন। এতে দুর্ঘটনাস্থলেই সাতজন পুরুষ নিহত হন। আহত হন আরও ছয়জন। তারা সবাই দিনমজুর। (জাগো নিউজ ওয়েব পেজ'১৪.০৪.২০২৬ আসাদ)

## ব্রাহ্মণবাড়িয়ায় প্রকৌশলীকে মারতে বাঁশ নিয়ে তেড়ে যাওয়ার ঘটনায় মামলা

ব্রাহ্মণবাড়িয়ার নবীনগরে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলীকে মারার জন্য বাঁশ নিয়ে তাড়া করার ঘটনায় দুইজনের নাম উল্লেখ করে মামলা করা হয়েছে। সোমবার রাতে ভুক্তভোগী উপ-সহকারী প্রকৌশলী মির্জা মো. তরিকুল ইসলাম বাদী হয়ে নবীনগর থানায় মামলাটি করেন। মামলায় ঠিকাদার লোকমান হোসেন ও তার চালক বিল্লাল হোসেনের নাম উল্লেখ করা হয়েছে। অজ্ঞাতপরিচয় আসামি করা হয়েছে আরও ৪-৫ জনকে। বিষয়টি নিশ্চিত করে নবীনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা শাহিনুল ইসলাম বলেন, এজাহারের ভিত্তিতে মামলাটি রেকর্ড করা হয়েছে। পরবর্তী আইনানুগ ব্যবস্থা নেওয়া হচ্ছে। ভুক্তভোগী ও স্থানীয় সূত্রে জানা গেছে, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের তত্ত্বাবধানে নবীনগর উপজেলার শিবপুর থেকে মেরকুটা পর্যন্ত সড়কে রিটেইনিং ওয়ালের নির্মাণকাজ চলছে। এ কাজের ঠিকাদারি প্রতিষ্ঠান মেসার্স লোকমান এন্টারপ্রাইজ। তবে নির্মাণকাজে নিম্নমানের সামগ্রী ব্যবহারের অভিযোগ তোলেন স্থানীয় বাসিন্দারা। এ অভিযোগের পরিপ্রেক্ষিতে সোমবার দুপুরে কাজের মান তদারকিতে গিয়ে সত্যতা পান উপ-

সহকারী প্রকৌশলী তরিকুল ইসলাম। এ সময় কাজের মান নিয়ে প্রশ্ন তোলায় কথা-কাটাকাটি হয়। এক পর্যায়ে মেজাজ হারিয়ে প্রকৌশলী তরিকুলকে মারার জন্য বাঁশ নিয়ে তাড়া করেন ঠিকাদার লোকমান ও তার লোকজন। এ ঘটনার একটি ভিডিও ফুটেজ সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ে।
(জাগো নিউজ ওয়েব পেজ'১৪.০৪.২০২৬ আসাদ)

## হামের উপসর্গ নিয়ে ময়মনসিংহ মেডিকেলে আরও এক শিশুর মৃত্যু

হামের উপসর্গ নিয়ে ময়মনসিংহ মেডিকেল কলেজ (মমেক) হাসপাতালের আইসোলেশন ওয়ার্ডে আরও এক শিশুর মৃত্যু হয়েছে। এ নিয়ে সেখানে ১৩ শিশুর মৃত্যু হলো। এছাড়া, গত ২৪ ঘণ্টায় নতুন করে আরও ৩২ শিশু ভর্তি হয়েছে। এ নিয়ে হাসপাতালে চিকিৎসাধীন মোট ৭৪ শিশু। মঙ্গলবার বেলা ১২টার দিকে ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালের হাম মেডিকেল দলের ফোকাল পারসন সহযোগী অধ্যাপক ডা. মো. গোলাম মাওলা এই তথ্য নিশ্চিত করেছেন। তিনি বলেন, গত ১১ এপ্রিল বেলা ১২টার দিকে জামালপুরের সরিষাবাড়ি থেকে আসা সাত মাস বয়সি শিশুটিকে হাসপাতালে ভর্তি করা হয়েছিল। শিশুটি হামের পাশাপাশি নিউমোনিয়া ও হৃদযন্ত্রের সমস্যায় ভুগছিল। সোমবার দিনগত রাত ৮টার দিকে চিকিৎসাধীন অবস্থায় শিশুটি মারা যায়। অধ্যাপক ডা. মো. গোলাম মাওলা আরও বলেন, গত ১৭ মার্চ থেকে ১৪ এপ্রিল বেলা ১২টা পর্যন্ত হামের উপসর্গ নিয়ে মোট ৪৫৭ শিশু ভর্তি হয়েছে। গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়ে হাসপাতাল থেকে ছাড়া পেয়েছে আরও ৩৩ শিশু। এ নিয়ে হাসপাতাল থেকে মোট ছাড়া পেয়েছে ৩৭০ শিশু। (জাগো নিউজ ওয়েব পেজ'১৪.০৪.২০২৬ আসাদ)

## মালয়েশিয়া থেকে দুই জাহাজে এলো ৬৮ হাজার টন ডিজেল

মালয়েশিয়া থেকে ৬৮ হাজার টন ডিজেল নিয়ে দুটি জাহাজ বাংলাদেশে এসেছে। জাহাজ দুটি হলো 'এমটি লুসিয়া সোলিস' ও 'এমটি টর্ম দামিনি'। জাহাজ দুটি এরই মধ্যে কুতুবদিয়া চ্যানেল পার হয়ে চট্টগ্রাম বন্দরের পথে রয়েছে। মঙ্গলবার (১৪ এপ্রিল) রাতেই জাহাজ দুটি বন্দরের আলফা অ্যাংকরে পৌঁছার কথা রয়েছে। এমটি লুসিয়া সোলিস নামে জাহাজটিতে ৩৪ হাজার ৯৯১ টন ডিজেল রয়েছে। জাহাজটি থেকে রাতেই ৬ হাজার টন ডিজেল লাইটার জাহাজে করে পতেঙ্গার প্রধান ডিপোতে আনা হবে। বুধবার জাহাজটিকে জোয়ারের সময় বন্দরের ডলফিন জেটিতে বার্থিং দেওয়া হবে। এছাড়া, এমটি টর্ম দামিনিতে ৩২ হাজার ৯৩৫ টন ডিজেল রয়েছে। জাহাজটি থেকে ৭ হাজার টন লাইটারিং করার পর বন্দরের ডলফিন জেটিতে বার্থিং দেওয়া হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৪.২০২৬ রিহাব)

## মামলায় আসামি শিবিরের সাবেক জেলা সভাপতি ও জামায়াত কর্মী

কুষ্টিয়ার দৌলতপুরে পীর আব্দুর রহমান শামীম ওরফে জাহাঙ্গীর (৬৫) হত্যা মামলায় জেলা ইসলামী ছাত্র-শিবিরের সাবেক সভাপতি ও জামায়াত কর্মী আহম্মেদসহ চারজনের নাম উল্লেখ করে মামলা হয়েছে। মামলায় এজাহারনামীয় অন্য তিন আসামি হলেন- স্থানীয় জামায়াত কর্মী রাজিব মিস্ত্রি, খেলাফত মজলিশের উপজেলা সভাপতি আসাদুজ্জামান আসাদ (৪৫) ও আবেদের ঘাট এলাকার একটি মাদরাসার শিক্ষক সাফি। কুষ্টিয়ার অতিরিক্ত পুলিশ সুপার (ভেড়ামারা সার্কেল) দেলোয়ার হোসেন বিষয়টি নিশ্চিত করে জানান, এখন পর্যন্ত এ ঘটনায় কাউকে গ্রেফতার করা সম্ভব হয়নি। 'মব' হামলায় দলের দুইজন নেতা-কর্মীর নাম থাকার বিষয়ে জানতে চাইলে দৌলতপুর উপজেলা জামায়াতে ইসলামীর আমির বেলাল উদ্দিন বলেন, "মামলায় অনেকের নাম আসতে পারে। কিন্তু আমাদের দলের কেউ এ ঘটনায় জড়িত নয়। অভিযোগ আমরা আইনগতভাবে মোকাবিলা করবো।" (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৪.২০২৬ রিহাব)

## ৬ জেলায় তাপপ্রবাহ, সিলেটে বৃষ্টির আভাস

দেশের ছয় জেলায় আজ মৃদু তাপপ্রবাহ বয়ে যাচ্ছে। এসব জেলায় ৩৬ থেকে ৩৭ দশমিক ৯ ডিগ্রি সেলসিয়াস পর্যন্ত তাপমাত্রা বিরাজ করছে। মঙ্গলবার (১৪ এপ্রিল) আবহাওয়াবিদ আফরোজা সুলতানা জাগো নিউজকে এ তথ্য জানিয়েছেন। তিনি বলেন, রাজশাহী, সিরাজগঞ্জ, পাবনা, যশোর, চুয়াডাঙ্গা ও কুষ্টিয়া জেলায় তাপপ্রবাহ বয়ে যাচ্ছে। আজ বিকেল ৩টায় আবহাওয়া অধিদপ্তরের স্টেশনগুলোতে এই তাপমাত্রা রেকর্ড করা হয়েছে। এদিকে, ঢাকায় গরমের অনুভূতি বেশি হলেও তাপপ্রবাহ হয়নি। ঢাকায় আজ সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৩৫ ডিগ্রি সেলসিয়াস। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৪.২০২৬ রিহাব)

## কেন্দ্রীয় কারাগারে অসুস্থ কয়েদির ঢামেকে মৃত্যু

ঢাকার কেরানীগঞ্জের কেন্দ্রীয় কারাগারে অসুস্থ হয়ে খান মো. তোরাব আলী (৭৩) নামের এক কয়েদি মারা গেছেন। মঙ্গলবার (১৪ এপ্রিল) বিকেল ৫টার দিকে তিনি অসুস্থ হয়ে পড়েন। কারারক্ষীরা দ্রুত তাকে ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতালে নিয়ে আসেন। পরে সন্ধ্যা ৬টার দিকে চিকিৎসক মৃত ঘোষণা করেন। কারারক্ষী মো. এরশাদ জানান, বিকেলের দিকে তোরাব আলী কেন্দ্রীয় কারাগারে হঠাৎ অসুস্থ হয়ে পড়েন। পরে কারা কর্তৃপক্ষের নির্দেশে তাকে দ্রুত ঢামেকে আনা হয়। পরে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। তিনি আরও জানান, তোরাব আলী কেন্দ্রীয় কারাগারে কয়েদি হিসেবে ছিলেন। তিনি মানিকগঞ্জ সদরের চরহিজুলী এলাকার মৃত আলম খানের ছেলে। ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল পুলিশ ক্যাম্পের ইনচার্জ (পরিদর্শক) মো. ফারুক মৃত্যুর বিষয়টি নিশ্চিত করে জানান, মরদেহ ময়নাতদন্তের জন্য জরুরি বিভাগের মর্গে রাখা হয়েছে। বিষয়টি কারা কর্তৃপক্ষকে জানানো হয়েছে।

(জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৪.২০২৬ রিহাব)

**পহেলা বৈশাখ ধর্ম-বর্ণ নির্বিশেষে সবাইকে একসূত্রে আবদ্ধ করে : চসিক মেয়র**

উৎসবমুখর ও বর্ণিল পরিবেশে চট্টগ্রাম কলেজে বাংলা নববর্ষ ১৪৩৩ উদ্যাপন করা হয়েছে। দিনব্যাপী আয়োজনে কলেজ ক্যাম্পাস পরিণত হয় এক প্রাণবন্ত মিলনমেলায়। এতে শিক্ষার্থী, শিক্ষক, অভিভাবকসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ অংশ নেন। মঙ্গলবার (১৪ এপ্রিল) অনুষ্ঠিত এ আয়োজনের অন্যতম আকর্ষণ ছিল কলেজের প্রধান ফটকের সামনে স্থাপিত বৈশাখি স্টল। এসব স্টলে দেশীয় খাবার, পিঠা-পুলি, হস্তশিল্প ও ঐতিহ্যবাহী নানান সামগ্রী প্রদর্শন করা হয়, যা দর্শনার্থীদের মধ্যে আগ্রহ সৃষ্টি করে। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন চট্টগ্রাম সিটি করপোরেশনের (চসিক) মেয়র ডা. শাহাদাত হোসেন। তিনি অতিথিদের সঙ্গে নিয়ে স্টল পরিদর্শন করেন এবং শিক্ষার্থীদের সৃজনশীল উদ্যোগের প্রশংসা করেন। পরে সাংস্কৃতিক অনুষ্ঠান উপভোগ করেন, যেখানে নৃত্য, সংগীত ও আবৃত্তির মাধ্যমে বাঙালির চিরায়ত সংস্কৃতি তুলে ধরা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কলেজের অধ্যক্ষ প্রফেসর মুহাম্মদ মুজাহিদুল ইসলাম চৌধুরী। তিনি বলেন, নতুন প্রজন্মকে দেশীয় সংস্কৃতি ও ঐতিহ্যের সঙ্গে সম্পৃক্ত করতে এ ধরনের আয়োজন গুরুত্বপূর্ণ। এটি শিক্ষার্থীদের মানসিক বিকাশে ইতিবাচক ভূমিকা রাখে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৪.২০২৬ রিহাব)

**৫ আগস্ট থানা থেকে অস্ত্র লুট করে ৫০ হাজারে বিক্রি, ডিবির জালে ধরা যুবক**

চট্টগ্রাম নগরের ডবলমুরিং থানা থেকে লুট হওয়া একটি বিদেশি পিস্তলসহ মিনহাজ উদ্দিন রাহিম (২১) নামে এক যুবককে গ্রেফতার করেছে গোয়েন্দা পুলিশ। সোমবার (১৩ এপ্রিল) গভীর রাতে নগরের খুলশী থানার মতিঝর্ণা এলাকায় চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশের গোয়েন্দা শাখা (ডিবি) পশ্চিম বিভাগ অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করে। ডিবি সূত্রে জানা যায়, ২০২৪ সালের ৫ আগস্ট ডবলমুরিং থানায় ঢুকে একটি পিস্তল লুট করেন মিনহাজ। পরে আমির হোসেন নামে একজনের কাছে ৫০ হাজার টাকায় বিক্রি করে দেন। তার দেওয়া তথ্যের ভিত্তিতে খুলশীর লালখান বাজার এলাকার একটি বাসায় অভিযান চালিয়ে পিস্তলটি উদ্ধার করা হয়। তবে অভিযানের সময় আমির হোসেন পালিয়ে যান। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৪.২০২৬ রিহাব)

**১৬ বছর পর প্রাথমিক বৃত্তি পরীক্ষা শুরু বুধবার, মানতে হবে যে নির্দেশনা**

১৬ বছর পর প্রাথমিক বৃত্তি পরীক্ষা শুরু হচ্ছে বুধবার (১৫ এপ্রিল)। এদিন সকাল ১০টা থেকে দেশের ৬১ জেলার (পার্বত্য অঞ্চলের তিন জেলা বাদ) সব কেন্দ্রে একযোগে পরীক্ষা শুরু হবে, যা চলবে দুপুর সাড়ে ১২টা পর্যন্ত। প্রথমদিনে বাংলা বিষয়ের পরীক্ষা নেওয়া হবে। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী, বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের জন্য পরীক্ষায় অতিরিক্ত ৩০ মিনিট সময় বরাদ্দ রাখা হয়েছে। সুষ্ঠু ও নির্বিঘ্ন পরিবেশে পরীক্ষা গ্রহণে প্রয়োজনীয় সব ধরনের প্রস্তুতি নেওয়া হয়েছে বলেও জানিয়েছে অধিদপ্তর। অধিদপ্তর সূত্র জানায়, ২০২৫ সালে সরকারি ও বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে পঞ্চম শ্রেণির শিক্ষার্থীদের মধ্য থেকে ৪০ শতাংশ শিক্ষার্থী এ পরীক্ষায় অংশ নিতে পারবে। তবে ঠিক কতজন শিক্ষার্থী পরীক্ষায় অংশ নিচ্ছে, তা জানায়নি অধিদপ্তর। এদিকে, পরীক্ষা সামনে রেখে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এরই মধ্যে পরীক্ষার রুটিন ও পূর্ণাঙ্গ নীতিমালা প্রকাশ করেছে। নীতিমালায় পরীক্ষার্থীদের জন্য ১০টি বিশেষ নির্দেশনা এবং পরীক্ষা চলাকালীন আচরণবিধি নির্ধারণ করে দেওয়া হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৪.২০২৬ রিহাব)

**নববর্ষ বরণে এনসিপির শোভাযাত্রা**

বাংলা নববর্ষ বরণ করতে বৈশাখি শোভাযাত্রা করেছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)। মঙ্গলবার (১৪ এপ্রিল) বিকেলে রাজধানীর বাংলামোটর থেকে শোভাযাত্রাটি বের করা হয়। শাহবাগ মোড় ঘুরে বাংলামোটর নেভি গলিতে এসে শোভাযাত্রাটি শেষ হয়। এনসিপির মুখপাত্র আসিফ মাহমুদ সজীব ভুঁইয়া ও উত্তরাঞ্চলের মুখ্য সমন্বয়ক সারজিস আলমসহ শোভাযাত্রায় দলের কেন্দ্রীয়, মহানগর ও থানা পর্যায়ের নেতা-কর্মীরা অংশ নেন। শোভাযাত্রায় এনসিপির নেতা-কর্মীরা নেচে গেয়ে আনন্দ করেন। এ সময় এনসিপির দুই শীর্ষ নেতা আসিফ মাহমুদ ও সারজিস আলমকে রিকশাও চালাতে দেখা গেছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৪.২০২৬ রিহাব)

**ছেলের গুলিতে আহত বিএনপি নেতা, দল থেকে দুইজনকেই বহিষ্কার**

দলের ভেতরে সন্ত্রাস, হানাহানি ও রক্তপাতের ঘটনায় জড়িত থাকার অভিযোগে ময়মনসিংহের ভালুকা উপজেলা বিএনপির দুই নেতাকে বহিষ্কার করা হয়েছে। বহিষ্কৃতরা হলেন- ভালুকা উপজেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য ও জামিরদিয়া ইউনিয়নের ৪ নম্বর ওয়ার্ড বিএনপির সাবেক সভাপতি মো. খোকা মিয়া এবং সাবেক ছাত্রনেতা ও বিএনপি কর্মী তোফায়েল আহমেদ রানা। বহিষ্কৃতরা সম্পর্কে বাবা-ছেলে। দলটির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভীর সই করা এক বিজ্ঞপ্তিতে জানানো হয়, তাদের বিরুদ্ধে দলের অভ্যন্তরে সন্ত্রাস, হানাহানি ও রক্তপাতের ঘটনায় জড়িত থাকার সুস্পষ্ট অভিযোগ রয়েছে। এসব অভিযোগের ভিত্তিতে তাদের বিএনপির প্রাথমিক সদস্যপদসহ সব পর্যায়ের দলীয় পদ থেকে বহিষ্কার করা হলো। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৪.২০২৬ রিহাব)

**পহেলা বৈশাখের আয়োজন অসাম্প্রদায়িক চেতনার প্রতিফলন : মীর হেলাল**

পার্বত্য চট্টগ্রাম বিষয়ক ও ভূমি প্রতিমন্ত্রী মীর মোহাম্মদ হেলাল উদ্দিন বলেছেন, পহেলা বৈশাখের আয়োজন জাতি, ধর্ম ও বর্ণ নির্বিশেষে মানুষকে একত্রিত করে। এটি বাংলাদেশের অসাম্প্রদায়িক চেতনার প্রতিফলন। তিনি বলেন, পহেলা বৈশাখ উদ্যাপন শুধু আনুষ্ঠানিকতা নয়, বরং সংস্কৃতি ও সম্প্রীতির এক অনন্য প্রকাশ। মঙ্গলবার (১৪ এপ্রিল) চট্টগ্রামের ডিসি হিল এলাকায় নববর্ষ উদ্যাপন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি। প্রতিমন্ত্রী বলেন, 'রংধনু জাতি' গঠনের প্রত্যয় এ আয়োজনের মধ্যদিয়ে প্রতিফলিত হয়েছে। সমাজের সব স্তরের মানুষকে একত্রিত করে একটি সাংস্কৃতিক ও শৈল্পিক পরিবেশ তৈরি করা হয়েছে, যা প্রশংসনীয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৪.২০২৬ রিহাব)

**ডিজিএফআইয়ের সাবেক পরিচালক আফজাল ৩ দিনের রিমান্ডে**

বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে হামলা ও কর্মী মকবুল হোসেন হত্যা মামলায় প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের (ডিজিএফআই) সাবেক পরিচালক কর্নেল (অব.) মো. আফজাল নাছের ভুঁইয়ার তিনদিনের রিমান্ড মঞ্জুর করেছেন আদালত। মঙ্গলবার (১৪ এপ্রিল) ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট জামসেদ আলম শুনানি শেষে এ রিমান্ড মঞ্জুর করেন। এর আগে, ঢাকা মহানগর গোয়েন্দা (ডিবি) পুলিশ তার পাঁচদিনের রিমান্ড আবেদন করে। আবেদনে বলা হয়, ২০২২ সালের ৭ ডিসেম্বর নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে হামলা, ভাঙচুর ও লুটপাটের ঘটনা ঘটে। একই সময় পুলিশের গুলিতে বিএনপি কর্মী মকবুল হোসেন নিহত হন। তদন্ত সংশ্লিষ্ট সূত্রের বরাতে বলা হয়, ওই ঘটনার সময় রাজনৈতিকভাবে সক্রিয় ভূমিকা রাখার পাশাপাশি, বিরোধীপক্ষ দমনে নেপথ্যে ভূমিকা রাখার অভিযোগ রয়েছে আফজাল নাছের ভুঁইয়ার বিরুদ্ধে। হত্যাকাণ্ডে তার সম্পৃক্ততার প্রাথমিক তথ্য-প্রমাণ পাওয়ার কথাও আবেদনে উল্লেখ করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৪.২০২৬ রিহাব)

**শিক্ষাক্ষেত্রে বগুড়াকে একটি মডেল জেলায় পরিণত করা হবে**

বগুড়াকে শিক্ষাক্ষেত্রে একটি মডেল জেলায় পরিণত করা হবে বলে ঘোষণা দিয়েছেন শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন। তিনি বলেছেন, এই অঞ্চলকে কেন্দ্র করে আধুনিক শিক্ষা ব্যবস্থা গড়ে তোলার উদ্যোগ নেওয়া হচ্ছে। প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠানে সঠিকভাবে পাঠদান নিশ্চিত করতে শিক্ষক ও অভিভাবকদের সমন্বিত ভূমিকা রাখতে হবে। মঙ্গলবার (১৪ এপ্রিল) বগুড়ার শিবগঞ্জ সদর ইউনিয়নের উথলি উচ্চ বিদ্যালয় মাঠে আয়োজিত কৃষক কার্ড বিতরণ অনুষ্ঠানে এ কথা বলেন তিনি। এ সময় শিক্ষকদের জন্য উৎসব ভাতা শতভাগ করার আশ্বাস দিয়ে মন্ত্রী বলেন, শিক্ষকদের মর্যাদা ও প্রণোদনা বাড়াতে সরকার কাজ করছে। এক্ষেত্রে অবসরপ্রাপ্ত শিক্ষকদের অভিজ্ঞতা কাজে লাগানো হবে। পাশাপাশি, প্রতিটি উপজেলায় মাল্টিপারপাস হল নির্মাণের পরিকল্পনা রয়েছে, যেখানে পরীক্ষা গ্রহণের ব্যবস্থা থাকবে। তিনি আরও বলেন, প্রধানমন্ত্রী তারেক রহমান কথার চেয়ে কাজে বিশ্বাসী। তিনি যা বলেন, তা বাস্তবায়ন করেন। কৃষকদের হাতে কৃষক কার্ড তুলে দেওয়ার মাধ্যমে সেই প্রতিশ্রুতিরই আরেকটি প্রমাণ পাওয়া গেল।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৪.২০২৬ রিহাব)

**প্রাথমিকে ১৪ হাজার শিক্ষকের যোগদান আটকা, অনিশ্চয়তায় প্রার্থীরা**

বিজ্ঞপ্তি প্রকাশের পর 'তড়িঘড়ি' আবেদন ও লিখিত-মৌখিক পরীক্ষা নিয়ে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক নিয়োগে ১৪ হাজারেরও বেশি প্রার্থীকে চূড়ান্ত সুপারিশ করে অন্তর্বর্তী সরকার। চূড়ান্ত ফল প্রকাশের দুই মাসের বেশি সময় পার হলেও, তাদের যোগদান করানো হয়নি। এ নিয়ে হতাশ সুপারিশপ্রাপ্তরা। তারা বলছেন, চূড়ান্ত ফলাফলে উত্তীর্ণ হয়ে নিয়োগের জন্য সুপারিশপ্রাপ্ত হয়েছেন তারা। কিন্তু দীর্ঘদিনেও তাদের যোগদান না হওয়ায় এখন চরম অনিশ্চয়তায় ভুগছেন। গোপনে ভেরিফিকেশন চালানোসহ বিভিন্ন বিভ্রান্তিকর খবর ছড়ানোয় আতঙ্কিত তারা। যোগদান আটকে থাকা প্রার্থীরা নিজেদের হতাশা ও অনিশ্চয়তার কথা জানিয়ে দ্রুত তাদের যোগদানের ব্যবস্থা করার দাবিতে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে স্মারকলিপি দিয়েছেন। সোমবার (১৩ এপ্রিল) বিকেলে তারা এ স্মারকলিপি দেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৪.২০২৬ রিহাব)

**ইস্টার্ন রিফাইনারি বন্ধের খবর মিডিয়ায় এলেও, তেলের জাহাজের খবর আসেনি**

যৌক্তিক সমালোচনা করার পাশাপাশি ইতিবাচক ঘটনাগুলো তুলে ধরা সংবাদমাধ্যমের দায়িত্ব বলে মন্তব্য করেছেন জাতীয় সংসদের চিফ হুইপ মো. নূরুল ইসলাম। এ সময় আক্ষেপ প্রকাশ করে তিনি বলেন, ইস্টার্ন রিফাইনারি বন্ধের সংবাদ মিডিয়ায় প্রচারিত হলেও, তেলের দুটি জাহাজ বন্দরে খালাসের অপেক্ষায় থাকার সংবাদটি প্রচার পায়নি। মঙ্গলবার (১৪ এপ্রিল) একুশে টিভির ২৭ বছর পূর্তি উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে এসব কথা বলেন তিনি। বর্ষপূর্তি অনুষ্ঠানে তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী ইয়াসের খান চৌধুরী শুভেচ্ছা বক্তব্য রাখেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৪.২০২৬ রিহাব)

**সিলেটে উন্নয়নকাজ পরিদর্শনে ইইডির প্রধান প্রকৌশলী**

সিলেট জেলার বেশ কয়েকটি চলমান উন্নয়নকাজ পরিদর্শন করেছেন শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের (ইইডির) প্রধান প্রকৌশলী মো. তারেক আনোয়ার জাহেদী। এ সময় তিনি উন্নয়ন কাজগুলোর অগ্রগতি পর্যালোচনা ও মতবিনিময় করেন। এতে সিলেট বিভাগের সব জেলার সব নির্বাহী প্রকৌশলী, সহকারী প্রকৌশলী, উপ-সহকারী প্রকৌশলীরা অংশ নেন। প্রধান প্রকৌশলীর নেতৃত্বে গত ১১ এপ্রিল দিনব্যাপী এ পরিদর্শনে যান ইইডির কর্মকর্তারা। পরিদর্শনকালে ইইডির প্রধান প্রকৌশলীর সঙ্গে ছিলেন প্রধান কার্যালয়ের তত্ত্বাবধায়ক প্রকৌশলী মো. আসাদুজ্জামান, মো. শাহজাহান আলী, নির্বাহী প্রকৌশলী এস এম সাফিন হাসান, মো. সুলতান মাহমুদ, আবু সাঈদ, মো. মেহেদী ইকবাল প্রমুখ। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৪.২০২৬ রিহাব)

বিপুল সমারোহে বৈশা**খি** শোভাযাত্রা**,** লোকে লোকারণ্য ঢাকা বিশ্ববিদ্যালয়

বাংলা নববর্ষ ১৪৩৩-কে বরণ করে নিতে বর্ণিল আয়োজনের মধ্য দিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়েছে ঐতিহ্যবাহী বৈশাখি শোভাযাত্রা। প্রাণের উচ্ছ্বাস, রঙের বর্ণিলতা আর লোকজ ঐতিহ্যের মেলবন্ধনে বিশাল উৎসবমঞ্চে পরিণত হয়েছে পুরো ক্যাম্পাস। মঙ্গলবার (১৪ এপ্রিল) সকাল ৯টায় জাতীয় সংগীত পরিবেশনের মধ্যদিয়ে শুরু হয় এ শোভাযাত্রা। সূচনালগ্ন থেকেই এতে অংশ নেন নানা বয়স, পেশা ও শ্রেণির মানুষ। শিক্ষার্থী, শিক্ষক, শিল্পী, কর্মী থেকে শুরু করে সাধারণ দর্শনার্থী; সবার উপস্থিতিতে শোভাযাত্রা পায় এক সার্বজনীন রূপ। এবারের শোভাযাত্রার প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে- 'নববর্ষের ঐকতান, গণতন্ত্রের পুনরুত্থান' **।** এই প্রতিপাদ্যের প্রতিফলন দেখা গেছে শোভাযাত্রার প্রতিটি আয়োজনে, প্রতিটি মোটিফে, প্রতিটি শিল্পকর্মে। ঢাবির চারুকলা অনুষদ থেকে শুরু হয়ে শোভাযাত্রাটি রাজু ভাস্কর্য, দোয়েল চত্বর ও বাংলা অ্যাকাডেমি ঘুরে পুনরায় চারুকলায় এসে শেষ হয়। পুরো পথজুড়ে দর্শনার্থীদের ঢল নামায় এলাকা পরিণত হয় এক বিশাল জনসমুদ্রে। শোভাযাত্রার মূল আকর্ষণ ছিল রঙিন মুখোশ, বিশালাকার মোটিফ এবং লোকজ শিল্পের বহুমাত্রিক উপস্থাপনা। প্রতিটি মোটিফ যেন বহন করেছে আলাদা আলাদা বার্তা ও প্রতীকী তাৎপর্য। পাঁচটি প্রধান মোটিফ বিশেষভাবে দৃষ্টি কেড়েছে দর্শনার্থীদের। নতুন সূচনা ও অন্ধকারের অবসানের প্রতীক হিসেবে 'মোরগ', লোকজ ঐতিহ্য ও শক্তির প্রতীক 'হাতি', গ্রামীণ স্মৃতির বাহক টেপা আকৃতির 'ঘোড়া', শান্তি ও সহাবস্থানের প্রতীক 'পায়রা' এবং বাউল সংস্কৃতির সংহতি ও তাদের ওপর আক্রমণের প্রতিবাদ হিসেবে 'দোতারা' **।** (জাগো নিউজ ওয়েব পেজ : ১৪.০৪.২০২৬ নারগীস)

# BBC

**HOSPITAL AT CENTRE OF CHILD HIV OUTBREAK CAUGHT REUSING SYRINGES IN UNDERCOVER FILMING**

Mohammed Amin was eight when he died shortly after testing positive for HIV. His fevers were so bad that he insisted on sleeping in the rain, and he writhed in pain "like he'd been thrown in hot oil", says his mother, Sughra. "He used to fight with me, but he also loved me," 10-year-old Asma says as she kneels at her younger brother's graveside. Not long after her brother contracted the virus, Asma was also diagnosed with HIV. Her family believe both children contracted it from injections with contaminated needles during routine medical treatment at a government hospital in Taunsa, in the province of Punjab, Pakistan. They are two of the 331 children that BBC Eye has identified as testing positive for HIV in the city between November 2024 and October 2025.(BBC Web page : 14.04.2026, Ali Ahmed)

**LEBANON SEEKS PEACE, BUT HEZBOLLAH NEEDS TO BE CONVINCED FIRST**

With Lebanon, again, engulfed by war, I remember a meeting I had with President Joseph Aoun at the Baabda Palace, a modernist building at the top of a hill overlooking Beirut last August. Aoun, a former army chief, took office after a devastating war between Israel and Hezbollah, a Lebanese militia and political party that is backed by Iran. At that point, Hezbollah had been weakened and was isolated at home and Aoun had vowed to disarm it. The seemingly intractable issue over Hezbollah's weapons has long divided Lebanon, but Aoun appeared to believe he could solve it. "I was born an optimist," he told me. At the time we met, a fragile ceasefire was in place in Lebanon. This deal had ended the war between Israel and Hezbollah in November 2024, but Israel was carrying out near-daily attacks on what it described as people and targets linked to the group. In some parts of the country, the conflict had never stopped. Even from my home in east Beirut I could occasionally hear the buzz of Israeli drones circling overhead.(BBC Web page : 14.04.2026, Ali Ahmed)

**FORMER NATO CHIEF WARNS UK'S NATIONAL SECURITY 'IN PERIL'**

The UK's security is "in peril" and Sir Keir Starmer's government has shown "corrosive complacency" towards defence, a former Nato secretary general has said. Lord George Robertson, the former Labour defence secretary who wrote the government's Strategic Defence Review (SDR), will accuse "non-military experts in the Treasury" of "vandalism", in

a speech to be delivered later on Tuesday. While the SDR was delivered in June last year, the 10-year defence investment plan to fund it has been repeatedly delayed and Lord Robertson told the Financial Times Sir Keir was "not willing to make the necessary investment". A government spokesperson said the SDR was "backed by the largest sustained increase in defence spending since the Cold War, with a total of over £270 billion being invested across this Parliament". In a directly political intervention, Lord Robertson - who is now a key government adviser - will warn in his speech: "We cannot defend Britain with an ever-expanding welfare budget."(BBC Web page : 14.04.2026, Ali Ahmed)

**UK FACES BIGGEST HIT TO GROWTH FROM IRAN WAR OF MAJOR ECONOMIES, IMF SAYS**

The energy shock from the Iran war will hit the UK the hardest of the world's advanced economies, the International Monetary Fund (IMF) has forecast. In its latest World Economic Outlook, the IMF cut its estimate for UK growth this year to 0.8%, from the 1.3% prediction made in January before hostilities began. The Fund said the downgrade was due to the war, fewer interest rate cuts, and the expectation that the impact of higher energy prices would linger into next year. It also warned the war threatened to throw the world economy "off course" and a prolonged conflict risked a global recession. The IMF urged central banks to be cautious over raising interest rates to counter higher inflation. The UK's downgrade of half a percentage point is the largest of the world's advanced economies, with the UK now earmarked to have middling growth this year compared to its peers.
(BBC Web page : 14.04.2026, Ali Ahmed)

**SPAIN APPROVES PLAN TO GIVE AROUND 500,000 UNDOCUMENTED MIGRANTS LEGAL STATUS**

Spain's government has approved plans to give legal status to 500,000 undocumented migrants, allowing them to be integrated formally into the workforce. Prime Minister Pedro Sánchez described his government's decision as both "an act of justice" and a necessity for Spain. In a letter to Spaniards posted on social media, Sánchez, a socialist, said the mass legalisation sought "to acknowledge the reality of nearly half a million people who already form part of our everyday lives". Spain's conservative opposition People's Party (PP) has pledged to attempt to block the legalisation, which it said rewards illegal migrants and would encourage more to come.(BBC Web page : 14.04.2026, Ali Ahmed)

**FUEL PRICES STOP RISING AFTER 43 DAYS OF INCREASES, RAC SAYS**

The price of petrol and diesel has stopped rising after 43 days of increases, according to the latest figures from motoring organisation the RAC. The temporary ceasefire in the Gulf has brought the price of crude oil down from its recent peaks, and with it the cost of fuel on wholesale markets. However, prices still remain sharply higher than before the war started. Petrol is now selling for just over 158p a litre on average, up from 133p in late February, while diesel has risen from 142p a litre to 192p, the RAC said. The motoring group said prices could start to come down over the next couple of weeks. The recent increases means the cost of filling up a family car with petrol has risen by £14, while a tank of diesel costs £27 more. Diesel has gone up more than petrol because it is harder to refine. The UK has to import around half of what it uses from abroad, and demand is very high globally.
(BBC Web page : 14.04.2026, Ali Ahmed)

**POLICE OFFICERS AMONG SEVEN ARRESTED OVER DEADLY HAITI STAMPEDE**

Seven people have been arrested in connection with a deadly stampede at a popular tourist destination in Haiti, the country's national police force says. The incident took place on Saturday during an annual cultural festivity at the Laferrière Citadel, a Unesco World Heritage site in northern Haiti. The authorities initially reported that 30 people had been killed but this number has been revised down to 25. Those arrested include five local police officers and two employees of the country's National Heritage Preservation Institute (ISPAN), which oversees the preservation of Haiti's major landmarks. They are currently in custody pending further legal action, police said. An investigation into what happened has been launched but Prime Minister Alix Didier Fils-Aimé said on Saturday that the stampede happened "during a tourist event attended by many young people" at the site, in the town of Milot.(BBC Web page : 14.04.2026, Ali Ahmed)

**CARNEY SAYS CANADIANS TRUST HIS PLAN AFTER HE WINS MAJORITY**

Canadian Prime Minister Mark Carney says the country's voters have demonstrated trust in his government's plan, after his Liberal Party secured a slim majority in the House of Commons. The Liberals are projected to have won all three by-elections that took place on Monday. These are on top of gains made over the last year through five opposition members of parliament defecting to Carney's party. The PM will now be able to pass legislation without relying on support from opposition benches, and he could stave off a federal election until 2029. Opposition leader Pierre Poilievre said Carney had relied on defections to win his majority, in an attempt to gain "power without any accountability". The by-elections took place in two Toronto-area ridings, or constituencies - Scarborough Southwest and University-Rosedale - as well as in the Quebec riding of Terrebonne, where the contest was closely fought. .(BBC Web page : 14.04.2026,  Ali Ahmed)

## :: THE END ::